বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগের আওতায় ২০১৬-১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ	০৮	০৬	০২	০	৪	৭	(-)১২% ১৩৩%	৪	(-)২.৫৩% ১৩.৮৯%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০৮ (আট)

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

গ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

ঙ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.১ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.২ কাজের গুণগতমান সংক্রান্ত।	৩.২.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষ্যতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.২.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত।	৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপিতর বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৪ প্রকল্পের যানবাহন সংক্রান্ত।	৩.৪ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৫ প্রকল্প পরিচালক সংক্রান্ত।	৩.৫.১ প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়াগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে। ৩.৫.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষ্যতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোগী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন।
৩.৬ সম্ভাব্যতা সমীক্ষা	৩.৬ যথাযথভাবে মাঠ পর্যায়ে সমীক্ষা না করে অপরিকল্পিতভাবে প্রকল্প গ্রহণের কারণে কখনো প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে। তাই প্রকল্প গ্রহণের পূর্বে উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দিয়ে বাস্তবসম্মত সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা প্রয়োজন।
৩.৭ উৎপাদনধর্মী ও সঞ্চালনধর্মী প্রকল্পের বাস্তবায়নে সমন্বয়হীনতা	৩.৭ বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মাণাধীন বিদ্যুৎ কেন্দ্রের কাজের গতির সাথে সমন্বয় করে গ্রীড উপকেন্দ্র ও সঞ্চালন নির্মাণ কাজ যথাসময়ে সমাপ্ত হয়না বিধায় সময়মত পাওয়ার ইভ্যাকুয়েশন সুবিধা সৃষ্টি করা যায়না। উৎপাদনধর্মী ও সঞ্চালনধর্মী প্রকল্পের বাস্তবায়নে সমন্বয় সাধন করা প্রয়োজন।
৩.৮ ভূমি অধিগ্রহণে বিলম্ব	৩.৮ বিদ্যুৎ বিতরণধর্মী প্রকল্পে উপকেন্দ্র নির্মাণ কাজে দীর্ঘ সময় ব্যয় হয়। বিশেষতঃ ভূমি অধিগ্রহণ কাজে বিলম্ব হয় বিধায় প্রকল্পের কাজের গতি ব্যাহত হয়। অতএব প্রকল্প অনুমোদনের শুরু থেকেই ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা বাঞ্চনীয়।
৩.৯ পিসিআর প্রেরণে বিলম্ব।	৩.৯ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

আপগ্রেডেশন অব খুলনা ১৫০ মে: ও: পিকিং পাওয়ার প্ল্যান্ট টু ২২৫ মে: ও: কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৭)

১। **প্রকল্পের নামঃ** "আপগ্রেডেশন অব খুলনা ১৫০ মে: ও: পিকিং পাওয়ার প্ল্যান্ট টু ২২৫ মে: ও: কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট"

২। **বাস্তবায়নকারী সংস্থাঃ** নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড (NWPGCL)

৩। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ** বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪। **প্রকল্পের অবস্থানঃ**

বিভাগ	জেলা	উপজেলা
খুলনা	খুলনা	গোয়ালপাড়া, খালিশপুর

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
৮৩,৩৪৩.৬১ (৮০,৭৭০.০০)	৯৬,৭৩৩.৮৬ (৭৮,৬৫৬.০১)	৮৫,১২৯.৩৯ (৭৫,২৮৭.৫৭)	০১/১২/২০১২ থেকে ৩১/১২/২০১৪	০১/১২/২০১২ থেকে ৩১/০৬/২০১৭	০১/১২/২০১২ থেকে ৩১/০৬/২০১৭	২.১৪%	১২০%

প্রকল্প সাহায্যের উৎসঃ এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)

৬। **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ**

প্রকল্প অনুমোদনের সময় একনেক সভায় উপস্থাপিত প্রকল্প গ্রহণের পটভূমি নিম্নে উল্লেখ করা হ'লঃ

বিদ্যুৎ আধুনিক সভ্যতার প্রধান চালিকাশক্তি এবং দেশের সামগ্রিক উন্নয়নমূলক সকল কর্মকান্ডে বিদ্যুৎ মূল ভূমিকা পালন করে। তবে বর্তমানে উৎপাদিত বিদ্যুৎ দেশের সামগ্রিক চাহিদা পূরণের জন্য পর্যাপ্ত নয়। ফলে শিল্প , বাণিজ্যিক, কৃষি ও সামাজিক খাতে উন্নয়ন কর্মকান্ডে ব্যঘাত ঘটছে। তাছাড়া বিদ্যুতের চাহিদা উৎপাদনের তুলনায় দ্রুততর গতিতে বাড়ছে বিধায় আরো বিদ্যুৎ উৎপাদন করা প্রয়োজন।

চাহিদার তুলনায় উৎপাদন কম হলে , চাহিদা ও সরবরাহের মধ্যে একটি পার্থক্য দেখা যায়। এই পরিস্থিতি কাটিয়ে ওঠার জন্য নতুন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অপরিহার্য। জ্বালানি হিসেবে প্রাকৃতিক গ্যাসের প্রাপ্যতা থাকার কারণে বেশীরভাগ বিদ্যুৎকেন্দ্র দেশের পূর্বাঞ্চলে অবস্থিত। পশ্চিমাঞ্চলীয় বিদ্যুৎকেন্দ্রগুলি আমদানি করা তেল (অধিকতর দামি) দ্বারা পরিচালিত হয়। উত্তর -পশ্চিমাঞ্চলে পর্যাপ্ত বিদ্যুৎ কেন্দ্র নেই , এই অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ পূর্ব - পশ্চিম ইন্টারকানেক্টিং ট্রান্সমিশন লাইনের উপর নির্ভর করে। দেশের সামগ্রিক বিদ্যুৎ ঘাটতি বিশেষ করে দেশের পশ্চিম অঞ্চলে বিদ্যুৎ ঘাটতি দূর করতে, বাংলাদেশ সরকার (জিওবি) কর্তৃক উক্ত অঞ্চলে কয়েকটি বিদ্যুৎকেন্দ্র নির্মাণের উদ্দেশ্য রয়েছে।

নর্থ- ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড খালিশপুর, খুলনায় এডিবি ফাইন্যান্সিংয়ের মাধ্যমে ১৫৮ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন গ্যাস টারবাইন পাওয়ার প্ল্যান্ট স্থাপন করেছে । বাংলাদেশ সরকার সিম্পল সাইকেল বিদ্যুৎ কেন্দ্রগুলোকে কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে আপগ্রেড করে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করছে। বর্তমান বিদ্যুৎ সংকট নিরসনে এনডব্লিউপিজিসিএল ১৫০ মেগাওয়াট গ্যাস টারবাইন বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এর সাথে স্টিম টারবাইন যোগ করে ৭৫ মেগাওয়াট বাড়িয়ে ২২৫ মেগাওয়াট সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্র হিসাবে উন্নীত করার প্রস্তাব দিয়েছে।

৭| প্রকল্পটির অনুমোদন ও সংশোধনঃ

গত ০৫/০২/২০১৩ ইং তারিখে প্রকল্পটির ডিপিপি অনুমোদিত হয়েছে। গত ১৯/০৩/২০১৫ ইং তারিখে ১ম সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুমোদিত হয়েছে। এছাড়াও প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে গত ২৮/০৪/২০১৬ ইং তারিখে প্রকল্পের মেয়াদ ৩০/০৬/২০১৬ ইং তারিখ হতে ৩০/০৭/২০১৭ ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

৮| প্রকল্পের উদ্দেশ্যঃ

- খুলনা ১৫০ মেগাওয়াট পাওয়ার প্ল্যান্টের এগজস্ট দ্বারা হীট রিকভারী স্টীম জেনারেটর পরিচালনার মাধ্যমে অতিরিক্ত ৭৫ মেঃ ওঃ বিদ্যুৎ উৎপাদন করে সমন্বিত ভাবে বিদ্যুৎ কেন্দ্রটির ক্ষমতা ২২৫ মেঃ ওঃ এ উন্নীত করা।
- জ্বালানির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে ১৫০ মেঃ ওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টের কর্মদক্ষতা ৩৫.৯৮২% থেকে ৫৪% এ উন্নীত করা|
- দেশের দক্ষিন-পশ্চিমাঞ্চলে পিক আওয়ারের বিদ্যুৎ চাহিদা মেটানো।
- দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন তরান্বিত করা|
- স্থানীয় উৎপাদনের মাধ্যমে ট্রান্সমিশন লস কমানো এবং লো-ভোল্টেজ সমস্যার সমাধান।
- জাতীয় বিদ্যুৎ গ্রিডের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা।

৯| প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
০১|	জনাব মোঃ শাহিদুল মোরছালিন জোয়ার্দার, প্রকল্প পরিচালক	০১/০৪/২০১৩	৩১/০৩/২০১৬
০২|	জনাব মোঃ মশিউর রহমান, প্রকল্প পরিচালক	০১/০৪/২০১৬	৩০/০৬/২০১৭

১০| প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিঃ

বিদ্যুৎ বিভাগ থেকে প্রাপ্ত PCR (project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হলঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং এবং ডিপিপি অনুসারে অংগের নাম (পরিমানসহ)	প্রাক্কলিত ব্যয়	জুন/২০১৭ পযন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		মন্তব্য
		আর্থিক	ভৌত (অংগের %)	আর্থিক
১	২	৩	৪	৫
Revenue Component	458.32	676.43	100%	কর্মকর্তা করমচারী গনের বেতন বৃদ্ধি পাওয়ায় এই খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা কোম্পানির নিজস্ব অর্থ হতে নির্বাহ করা হয়েছে।
Transport Vehicles	118.18	118.16	100%	
Steam Turbine Generating Set 75 MW	14,514.50	12,600.00	100 %	
HRSG	11,648.35	10,799.60	100 %	
Bypass Hydraulic Damper	1,002.77	1,002.77	100 %	
Step-up Transformer (15/230 kV), 120 MVA & 230 kV Switchgear	2,416.31	2,416.31	100 %	
Demin Plant including Tubewell	2,570.05	2,570.05	100 %	

ক্রমিক নং এবং ডিপিপি অনুসারে অংগের নাম (পরিমানসহ)	প্রাক্কলিত ব্যয়	জুন/২০১৭ পযন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		মন্তব্য
		আর্থিক	ভৌত (অংগের %)	আর্থিক
১	২	৩	৪	৫
(7 Nos.), CW Pump, Cooling Tower, Pipes & Valves, Dischage chanel etc.				
Distributed Control System (DCS)	3,284.92	3,284.92	100 %	
Workshop Tools & Equipments for Erection & Maintenance	1,168.58	1,168.58	100 %	
Balance of Plant (BOP)	776.83	776.83	100 %	
Essential & Mandatory Spares	2,482.34	2,482.34	100 %	
Power Evacuataion Facilities	1,401.98	1,401.98	100 %	
Civil & Building (Turnkey)	2,983.68	2,983.68	100 %	
Operation & Maintenance Services for 2 years defect liability period.	424.12	283.11	100 %	
Training/Factory witness test	105.05	99.8	100 %	
Foundation, Installation/Erection. Testing & Commissioning	5,781.78	5,699.46	100 %	
Inland Transportation & Landing Charge	1,087.66	1,033.28	100 %	
Merine freight & Insurance	1,189.97	1,130.47	100 %	
Civil Work (Non-Residential)	228.02	204.46	100 %	
Civil Work (Residential)	203.45	168.31	100 %	
Customs Duty, Tax & VAT (14.72%)	6,298.28	2,936.72	100 %	
Charge of Electricity duringConstruction	4.00	4	100 %	
Bank & other charge	641.65	110.98	100 %	
HSD Fuel Tank including Purifier, Pipes and Associates	7,013.04	7,013.04	100 %	
C1 Inspection Including Spare parts	18,000.00	14,725.00	100 %	
Engineering Consultancy Service	1,800.13	1,394.67	100 %	
Sub Total	**87,603.96**	**77084.95**	100 %	
Items to be exculded from calculation				
Interest during construction (IDC)	4,528.80	5,495.55		ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পাওয়ায় কোম্পানির নিজস্ব অর্থ হতে এই ব্যয় নির্বাহ করা

ক্রমিক নং এবং ডিপিপি অনুসারে অংগের নাম (পরিমানসহ)	প্রাক্কলিত ব্যয়	জুন/২০১৭ পযন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		মন্তব্য
		আর্থিক	ভৌত (অংগের %)	আর্থিক
১	২	৩	৪	৫
				হয়েছে।
Income Tax & VAT for EPC Contractor	786.13	269.23		
Physical Contingency	1,500.25	45.82		
Price Contingency	2,314.72	2,233.84		
Sub Total	**9,129.90**	**8,044.44**		
Grand Total:	**96,733.86**	**85,129.39**	100 %	

১১। প্রকল্প পরিদর্শনঃ আইএমই বিভাগের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক গত ৯-১১ মার্চ ২০১৮ তারিখে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়।

১২। **পর্যবেক্ষণঃ**

১২.১ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ এখনো সম্ভব হয়নি বিধায় জ্বালানী হিসেবে ডিজেল ব্যবহার করা হচ্ছে। ডিজেল ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করতে ইউনিট প্রতি ১৬ টাকার বেশি খরচ হয়, যা সাশ্রয়ী নয়। দ্রুততম সময়ে বিদ্যুৎকেন্দ্রে গ্যাসপাইপ লাইন স্থাপন ও গ্যাস সরবরাহ নিশ্চিত করা প্রয়োজন।

১২.২ প্রকল্পের টার্ণকী অংশের কাজের জন্য Shanghai Electric Group of Company Ltd, China এর সাথে ১৭/১২/২০১৩ তারিখে চুক্তি সম্পন্ন হয়েছে। স্টিম টারবাইন জেনারেটর সেট (১x৭৫ মে: ও:), হিট রিকভারী স্টিম জেনারেটর সেট (১x৭৫ মে: ও:) ও বাইপাস হাইড্রোলিক ডাম্পার, স্টেপ-আপ-ট্রান্সফরমার (১৫/১৩২) কেভি, ১২০ এমভিএ , ১৩২ কেভি সুইচগিয়ারসহ সকল যন্ত্রাংশ ইন্সটলেশনের কাজ শেষ হয়েছে। প্রকল্পের আওতায় স্থাপিত গুরুত্বপূর্ণ মেশিনারীজের বিবরণ সংযুক্তি-ক'তে দেয়া আছে। বিদ্যুৎ কেন্দ্রের অপারেশনাল এক্সেপ্টেন্স সার্টিফিকেট সংযুক্তি-খ'তে দেয়া আছে।

১২.৩ প্রকল্পের বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট অঙ্গসমূহের সকল কাজ ১০০% সম্পন্ন হয়ে গত ১১/০৬/২০১৬ ইং তারিখ সকাল ০৭:০৯:৫১ টায় জাতীয় গ্রীডের সাথে স্টীম টারবাইন বিদ্যুৎ কেন্দ্রটি Synchronize করা হয় । প্রকল্পের আওতায় নির্মিত স্টীম টারবাইন বিদ্যুৎকেন্দ্রটি হতে ২৫/০৬/২০১৬ ইং তারিখ হতে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু হয়েছে। স্টীম টারবাইন বিদ্যুৎ কেন্দ্রটির Performance Test গত ০৪/০৮/২০১৬ ইং তারিখে সম্পন্ন হয়েছে। ২৬/০৭/২০১৬ তারিখে সর্বোচ্চ ৭৮ মেঃ ওঃ বিদ্যুৎ উৎপাদিত হয়েছে।

১২.৪ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রদত্ত পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রে উল্লিখিত শর্তাবলী মেনে চলা হচ্ছে। EIA (Environmental Impact Assessment) প্রতিবেদন করা হয়েছে। বিদ্যুৎ কেন্দ্রের দুই পাশে ২.৫ মিটার করে জায়গা ছেড়ে দিয়ে নির্মাণ করা হয়েছে। বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পর বিদ্যুৎ উৎপাদন শুরু হলে নির্গত গ্যাসে কোন ক্ষতিকর উপাদান আছে কিনা সেটা নিয়মিত পরীক্ষা করার জন্য বিদ্যুৎ কেন্দ্রে CEMS (Continuous Emission Monitoring System) বসানো হয়েছে। নির্গত ধোঁয়ায় SOx এবং NOx সহনীয় মাত্রায় আছে।

১২.৫ ওয়ার্কশপ টুলস এন্ড ইকুইপমেন্ট ফর ইরেকশন এন্ড মেইনটেন্যান্স খাতে ১১.১০ কোটি টাকা ব্যয় হয়েছে। বিদ্যুৎ কেন্দ্র হ্যান্ডওভার করার পর এ সকল যন্ত্রপাতি ঠিকাদার বাস্তবায়নকারী সংস্থাকে বুঝিয়ে দিয়ে যাবে।

১২.৬ প্রকল্পের আওতায় ১টি জীপ, ১টি পিক-আপ, ২টি মটর সাইকেল ক্রয় করা হয়েছে। পিক-আপটি প্রকল্পের কাজে ব্যবহৃত হলেও ক্রয়কৃত জীপটি অন্যত্র ব্যবহার করা হচ্ছে মর্মে জানা গেছে।

১২.৭ এসেন্সিয়াল এন্ড ম্যান্ডেটরি স্পেয়ার পার্টস খাতে ২৪.৭৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পের আওতায় সংগৃহীত এসকল স্পেয়ার পার্টস যথযথভাবে স্টক রেজিস্টার করে সংরক্ষণ করতে হবে। ভবিষ্যতে বিদ্যুৎ কেন্দ্রের লাইফ টাইমে যেন সকল স্পেয়ার পার্টস বাজারে সঠিক মূল্যে পাওয়া যায়, সেজন ঠিকাদারের সাথে সমঝোতা চুক্তি (MoU) করা যেতে পারে।

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
খুলনা ১৫০ মেগাওয়াট পাওয়ার প্ল্যান্টের এগজস্ট দ্বারা হীট রিকভারী স্টীম জেনারেটর পরিচালনার মাধ্যমে অতিরিক্ত ৭৫ মেঃ ওঃ বিদ্যুৎ উৎপাদন করে সমন্বিতভাবে বিদ্যুৎ কেন্দ্রটির ক্ষমতা ২২৫ মেঃ ওঃ এ উন্নীত করা।	অতিরিক্ত জ্বালানি ছাড়াই ৭৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হচ্ছে বলে জ্বালানি দক্ষতা অর্জিত হয়েছে।
জ্বালানির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে ১৫০ মেঃ ওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টের কর্মদক্ষতা ৩৫.৯৮২% থেকে ৫৪% এ উন্নীত করা।	এটি বিদ্যুৎ কেন্দ্রের দক্ষতা বাড়িয়ে বর্তমান বিদ্যুৎ উৎপাদন ঘাটতি কমাতে উল্লেখযোগ্যভাবে অবদান রেখেছে।
স্থানীয় উৎপাদনের মাধ্যমে ট্রান্সমিশন লস কমানো এবং low voltage সমস্যার সমাধান।	স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে ট্রান্সমিশন লস হ্রাস করা হয়েছে এবং low ভোল্টেজ সমস্যা কমে আসছে।
দেশের দক্ষিন -পশ্চিমাঞ্চলে পিক আওয়ারের বিদ্যুৎ চাহিদা মেটানো।	স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের দক্ষিন-পশ্চিমাঞ্চলে পিক আওয়ারের বিদ্যুৎ চাহিদা মেটানো হচ্ছে।
জাতীয় বিদ্যুৎ গ্রিডের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা।	জাতীয় বিদ্যুৎ গ্রিডের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি পেয়েছে।
দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন তরান্বিত করা।	এই প্রকল্প থেকে উৎপাদিত বিদ্যুৎ বিভিন্ন শিল্প কারখানায় ব্যবহার করা হচ্ছে যা দেশের অর্থনৈতিক উন্নয়নকে তরান্বিত করছে।

প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্রঃ১- বিদ্যুৎ কেন্দ্রের ওভারভিউ



চিত্রঃ২- প্রকল্পের আওতায় নির্মিত ডিজেল ট্যাঙ্ক



চিত্রঃ৩- সুইচ ইয়ার্ড



চিত্রঃ৪- ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট

১৫। অডিট সংক্রান্ত তথ্যঃ

সকল অডিট আপত্তি নিষ্পন্ন করা হয়েছে।

১৬। সুপারিশ/মতামত:

১৬.১। বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ এখনো সম্ভব হয়নি বিধায় জ্বালানী হিসেবে ডিজেল ব্যবহার করা হচ্ছে। ডিজেল ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করতে ইউনিট প্রতি ১৬ টাকার বেশি খরচ হয়, যা সাশ্রয়ী নয়। **পেট্রোবাংলার উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে** দ্রুততম সময়ে বিদ্যুৎকেন্দ্রে গ্যাসপাইপ লাইন স্থাপন ও গ্যাস সরবরাহ **করার বিষয়টি সংস্থা এবং বিদ্যুৎ বিভাগ নিশ্চিত করবে;**

১৬.২। সকল গুরুত্বপূর্ণ যন্ত্রের গায়ে ইংরেজী ভাষায় মুদ্রিত রেটিং প্লেট লাগাতে হবে এবং সকল গুরুত্বপূর্ণ যন্ত্রাংশের ইংরেজী ভাষায় মুদ্রিত ব্যবহারবিধি (User manual) সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করতে হবে;

১৬.৩। বিদ্যুৎ কেন্দ্র পরিচালনার জন্য কোন কোম্পানীর সাথে LTSA (Long Term Service Agreement) না করে প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলীগণকে এই বিদ্যুৎ কেন্দ্রের O &M (Operation and Maintenance) এ পদায়ন করার বিষয়টি বিবেচনা করতে হবে;

১৬.৪। বিদ্যুৎ কেন্দ্রে পদায়ন করা কর্মকর্তা/কর্মচারীগণকে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ (Safety Training) দিতে হবে এবং সেফটি শ্যু ও পোশাক সরবরাহ করতে হবে;

১৬.৫। প্রকল্পের আওতায় সংগৃহীত এসকল স্পেয়ার পার্টস যথযথভাবে স্টক রেজিস্টার করে সংরক্ষণ করতে হবে। ভবিষ্যতে বিদ্যুৎ কেন্দ্রের লাইফ টাইমে যেন সকল স্পেয়ার পার্টস বাজারে সঠিক মূল্যে পাওয়া যায়, সেজন ঠিকাদারের সাথে সমঝোতা চুক্তি (MoU) করা যেতে পারে।

১৬.৬। ভবিষ্যতে ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প বাস্তবায়নের সময় অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে যাতে Time over Run না হয়;

১৬.৭। অনুচ্ছেদ (১৬.১ হতে ১৬.৬) এর সুপারিশসমূহের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে ২(দুই) মাসের মধ্যে মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

সংযুক্তি-ক

List of major components/machineries of the power Plant:

Sl no	Name of the Major component	Specification in brief	Country of origin
1	Turbine	Model: LZN80-7.89/3.46/0.5 Turbine stage:19	China
2	Generator	Model-50Wx 18Z-080LLT Rated Voltage: 10.5KV Rated Capacity: 120MVA	China
3	HRSG	Model: NG-GT13E2-R Type: Triple pressure, Reheating, Horizontal type, Fireless, Natural Circulation.	China
4	Transformer	Model: SFZ-120000/132 Rated capacity:120 MVA	China
5	DCS	Manufactured by ABB	China
6	HSD Purifier	Capacity: 3x30 cum/hr	Germany

"বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৭)

১। **প্রকল্পের নামঃ** "বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)"

২। **বাস্তবায়নকারী সংস্থাঃ** Power Grid Company of Bangladesh Limited (পিজিসিবিএল)

৩। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ** বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪। **প্রকল্পের অবস্থানঃ**

বিভাগ	জেলা	উপজেলা
সিলেট	সিলেট	ফেঞ্চুগঞ্জ
	হবিগঞ্জ	বিবিয়ানা, নবীগঞ্জ, বানিয়াচং, আজমেরীগঞ্জ
ঢাকা	ঢাকা	ধামরাই
	গাজীপুর	কাপাসিয়া, শ্রীপুর, গাজীপুর সদর, কালিয়াকৈর
	কিশোরগঞ্জ	ইটনা, মিটামইন, নিকলী, করিমগঞ্জ, কটিয়াদি
	ময়মনসিংহ	গফরগাও
	টাংগাইল	টাংগাইল

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল মোট টাকা পিজিসিবি প্র: সা:	সর্বশেষ সংশোধিত মোট টাকা পিজিসিব প্র: সা:	মোট টাকা পিজিসিব প্র: সা:	মূল	সর্বশেষ সংশোধিত			
১৭১৪৩৫.৩০ ৮২২৩০.৪১ ২৪৯৩৫.৮৯ ৬৪২৬৯.০০	২০১০৫৬.৫৬ ৭৯৫১৮.৮১ ৪৭৫৩৭.৭৫ ৭৪০০০.০০	১৮৪৬৪৩.২৬ ৭৫৫০৬.৬২ ৩৯৮০৪.৬৪ ৬৯৩৩২.০০	জুলাই ২০১০ হতে জুন ২০১৩	জুলাই ২০১০ হতে জুন ২০১৭	জুলাই ২০১০ হতে জুন ২০১৭	৭.৭%	৪ বছর (১৩৩%)

৬। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

সারাদেশব্যাপী বিদ্যুতের চাহিদা বৃদ্ধির সাথে সাথে বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন প্রকল্প গ্রহন অধিক গুরুত্বপূর্ন হয়ে উঠে। সিলেট এলাকা একটি বৃহৎ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হিসেবে বিবেচিত হচ্ছে। বিশেষতঃ বিবিয়ানা এলাকা যেখানে উৎপাদিত গ্যাস ব্যবহার করে কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হচ্ছে। এসকল পরিকল্পিত বিদ্যুৎ কেন্দ্র নির্মানের পাশাপাশি সিলেট এলাকায় উৎপাদিত বিদ্যুৎ দেশের প্রধান চাহিদা কেন্দ্র ঢাকার শিল্প ও বানিজ্য অঞ্চল এবং সাধারণ গ্রাহকদের নিকট পৌঁছে দেয়ার জন্য সংশ্লিষ্ট সঞ্চালন নেটওয়ার্ক নির্মান করা প্রয়োজন হয়ে পড়ে। সে লক্ষ্যে বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ডাবল সার্কিট ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন ব্যবস্থা নির্মাণের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র এলাকাটিকে সঞ্চালন নেটওয়ার্ক ব্যবস্থার সাথে সংযুক্ত করে উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ বিভিন্ন চাহিদাকেন্দ্রের দিকে সঞ্চালিত করার প্রকল্প গ্রহন করা হয়।

৭| প্রকল্পটির অনুমোদন ও সংশোধনঃ

আলোচ্য প্রকল্পটি গত ০৫ অক্টোবর ২০১০ তারিখে মোট ১৭১৪৩৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ৮২২৩০.০০ লক্ষ টাকা, পিজিসিব ২৪৯৩৬.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৬৪২৬৯.০০ লক্ষ টাকা) এবং প্রকল্পটির মেয়াদ জুলাই ২০১০ হতে জুন ২০১৩ এ নির্ধারণ করে 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের প্রথম সংশোধন মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২০১০৫৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের মেয়াদ জুলাই ২০১০ হতে জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮| প্রকল্পের উদ্দেশ্যঃ

ডিপিপি অনুযায়ী "বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)" - শীর্ষক প্রকল্পের মূল উদ্দেশ্য হলোঃ

ক) সিলেট বিভাগে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ সিলেট হতে ঢাকায় সঞ্চালন এবং বিদ্যমান সঞ্চালন লাইনের উপর লোড হ্রাসকরণ;

খ) ঢাকার উত্তরাংশে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ; এবং

গ) সিলেট অঞ্চলে নতুন স্থাপিতব্য ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা।

৯| প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
০১	জনাব মোঃ মাহবুব আহমেদ	০১-০৭-২০১০	০৮-০৯-২০১০ পর্যন্ত
০২	জনাব মোঃ এমদাদুল ইসলাম	০৮-০৯-২০১০	২৬-০৮-২০১২ পর্যন্ত
০৩	জনাব মোঃ কামরুল হাসান	২৬-০৮-২০১২	শেষ পর্যন্ত

১০| প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পটির বাস্তবায়নের শুরু হতে জুন ২০১ ৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ১৭৫০.৫৭ কোটি টাকা (৮৭%) ও ভৌত অগ্রগতি ৯৫%। মার্চ ২০১৭ পর্যন্ত আর্থিক অগ্রগতি ১৮২৬.৪৭ কোটি টাকা যা মোট প্রকল্প ব্যয় ২০১০.৫৬ কোটি টাকার ৯১%। মার্চ'২০১৭ পর্যন্ত ভৌত অগ্রগতি ৯৯%। বিদ্যুৎ বিভাগ থেকে প্রাপ্ত PCR (project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির বাস্তবায়নের শুরু হতে মার্চ ২০১৭ পর্যন্ত অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হলঃ

(লক্ষ টাকায়)

Sl. No.	Items of Work (as per DPP)	Unit	**Cost as per DPP/TPP**	**Achievement upto last June**	
				Financial	**Phy. Progress (%)**
1	2	3	4	5	6
১	Pay of Officers*	9 nos	৪১৬.০৪	৪৫৩.৬৯	১৫.০০ (১০০%)
২	Pay of Establishment*	15 nos	১১৬.৯৬	১০১.৪১	১০.০০ (১০০%)
৩	Allowances*	34 nos	৬১৭.১৯	৫৩৭.৫৩	২৫.০০ (১০০%)
৪	Insurance**	LS	৫৭১.৬৭	২৮৭.৬৬	-

Sl. No.	Items of Work (as per DPP)	Unit	**Cost as per DPP/TPP**	**Achievement upto last June**	
				Financial	**Phy. Progress (%)**
1	2	3	4	5	6
৫	Loan Fee (0.1%)	LS	৭৪.০০	৬৮.৮৮	-
৬	Training**	LS	২৩৯.৩৩	২৩১.৩৩	-
৭	Cosultancy**	100 MM	৩১২০.০০	২৮৩৭.৪৯	১৩০.২৮ (১০০%)
৮	Transportation**	LS	১৫৭৫.৭৩	১১৩১.৬০	-
৯	Compensation**	LS	৭৮৪.১৭	৬৭৫.৪৫	২৬৫.৬৩ (১০০%)
১০	Testing fee*	245.7 km	২৪.৭০	-	-
১১	Survey*	245.7 km	৬৬.৮৮	৫৪.৭৬	২৬৫.৬৩ (১০০%)
১২	Hiring Charge*	LS	৪০.০০	৫.১৯	-
১৩	Miscellaneous (EIA, TA. DA etc)	LS	৪৩০.০০	৪৬৫.৭১	-
১৪	Transport Vehicle	৭ No	২০১.৮০	১০০.৯৯	৩.০০ (১০০%)
১৫	Office Equipment	LS	১১.২০	৮.৪	১০০%
১৬	Office Furniture	LS	৬.৭১	৩.৯২	১০০%
১৭	Tools, plants & spares	Lot	৩০২২.৪৮	৩৯৫৭.৪২	১০০%
১৮	Electrical Equipment	Lot	৮৭৯৭৮.৩৭	৮৮৫৩৫.৯৮	১০০%
১৯	Acquisition/purchase of land	৩৬.৩৪ Acres	২৯৭৪.০১	৩২০৬.৫৫	১০০%
২০	Land Development	৮৬২০১৭ cm.m	৪৫২২.৯৩	৩৯৪৫.৮০	১০০%
২১	Residential Building	৩০০০ Sq	১০৮.৯৬	৮৩.৩৯	১০০%
২২	Other building	LS	১৪৯৮.৩২	৯৯৪.০৪৮	১০০%
২৩	Installation Cost	LS	৩৩৭৯৬.৬৮	৩৫১১০.২৩	১০০%
২৪	Development Import Duty and (VAT/CD VAT)	LS	৩২২৭৯.৩১	২৭৪৮৬.৮৯	১০০%
২৫	Interest During Construction	LS	১৪৯৭২.৩৯	১০৭৫৩.২৩	১০০%
২৬	Development Capital Fund	LS	৩৮৩১.৪৯	৩৬০৫.৭২	১০০%
২৭	Physical Contingency	LS	৩৭৪১.৯৮		
২৮	Price Contingency	LS	৪০৩৩.২৯		
			২০১০৫৬.৫৯	১৮৪৬৪৩.২৬	

১১। প্রকল্প পরিদর্শনঃ আইএমই বিভাগের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক গত ১৮ ডিসেম্বর ২০১৭ তারিখে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১২। পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যাঃ

১২.১ কাজের বিবরণঃ

ক্র. নং	কাজের বর্ণনা	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	অর্জন
১	ফেঞ্চুগঞ্জ ২৩০কেভি উপকেন্দ্র নির্মাণ এবং ফেঞ্চুগঞ্জ ১৩২/৩৩কেভি উপকেন্দ্রের নতুন ১২টি ১৩২কেভি বে ও কুমিলস্না (উত্তর) ২৩০/১৩২কেভি উপকেন্দ্রে নতুন ২টি ২৩০কেভি বে নির্মাণ।	ডিসেম্বর'১২	বাণিজ্যিক ভাবে চালু ১৮/১০/২০১২ইং
২	কালিয়াকৈর ৪০০/২৩০/১৩২কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ	এপ্রিল'১৬	বাণিজ্যিক ভাবে চালু ১২/১২/২০১৬ইং
৩	বিবিয়ানা ৪০০/২৩০কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ	মার্চ'১৭	বাণিজ্যিক ভাবে চালু ১৭/১২/২০১৬ইং (৯৯.৫০% সমাপ্ত)
৪	বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ১৭০ কিমি সঞ্চালন লাইন	জুলাই'১৪	বাণিজ্যিক ভাবে চালু ১৭/১২/২০১৬ইং
৫	ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ৩৩ কিমি সঞ্চালন লাইন।	নভেম্বর'১২	বাণিজ্যিক ভাবে চালু ০১/০৯/২০১২ইং
৬	কালিয়াকৈর উপকেন্দ্র হইতে বিদ্যমান ২৩০কেভি আমিনবাজার-টঙ্গী সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ণ-ইন ও টার্ণ-আউট ফোর-সার্কিট ৩৬ কিমি লাইন নির্মাণ।	ফেব্রুয়ারী'১৬	বাণিজ্যিক ভাবে চালু ৩১/০১/২০১৭ইং
৭	ফেঞ্চুগঞ্জ পাওয়ার ষ্টেশন-ফেঞ্চুগঞ্জ ফোর-সার্কিট ১৩২কেভি ৪ কিমি সঞ্চালন লাইন।	ডিসেম্বর'১২	বাণিজ্যিক ভাবে চালু ০১/০৯/২০১২ইং
৮	কালিয়াকৈর উপকেন্দ্র হইতে বিদ্যমান ১৩২কেভি কবিরপুর-টাঙ্গাইল সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ণ-ইন ও টার্ণ-আউট ফোর-সার্কিট সঞ্চালন লাইন।	ফেব্রুয়ারী'১৬	বাণিজ্যিক ভাবে চালু ২৬/০৯/২০১৬ইং
৯	১৩২কেভি কালিয়াকৈর-ধামরাই ১৬ কিমি সঞ্চালন লাইন নির্মাণ।	ফেব্রুয়ারী'১৬	বাণিজ্যিক ভাবে চালু ১২/১২/২০১৬ইং

১২.২ । প্রকল্পের সমাপ্তিতে সঞ্চালন নেটওয়ার্কের ক্ষমতা বৃদ্ধিঃ

এ প্রকল্প বাস্তবায়িত হওয়ার ফলে জাতীয় গ্রীডের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইনে ৩৩৯ সার্কিট কিঃমিঃ, ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি লাইনসহ অন্যান্য ২৩০ কেভি ও ১৩২ কেভি লাইনের মোট নেটওয়ার্ক বৃদ্ধি ৬১২ সার্কিট কিঃমিঃ।

	সঞ্চালন লাইন	নেটওয়ার্ক বৃদ্ধি (সার্কিট কিঃমিঃ)
১	৪০০ কেভি সঞ্চালন লাইন	৩৩৯
২	২৩০ কেভি সঞ্চালন লাইন	১৯৫
৩	১৩২ কেভি সঞ্চালন লাইন	৭৮
	মোট	৬১২

১২.৩। গ্রীড উপকেন্দ্রের ধারণক্ষমতা বৃদ্ধি

কালিয়াকৈর ও বিবিয়ানায় ৪০০/২৩০ কেভি ও কালিয়াকৈরে ৪০০/১৩২ কেভি এবং ফেঞ্চুগঞ্জে ২৩০/১৩২ উপকেন্দ্র নির্মিত হওয়ার ফলে গ্রীড উপকেন্দ্রের ধারনক্ষমতা মোট ১৭৯১ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে।

সারণি ৪.২ ধারণ ক্ষমতা বৃদ্ধি

	গ্রীড উপকেন্দ্র	ক্ষমতা বৃদ্ধি (মেগাওয়াট)
১	৪০০/২৩০ কেভি উপকেন্দ্র (২টি)	৯৩৬
২	৪০০/১৩২ কেভি উপকেন্দ্র (১টি)	৫৮৫
৩	২৩০/১৩২ কেভি উপকেন্দ্র (১টি)	২৭০
	মোট	১৭৯১

১২.৪। প্রকল্প সমাপ্তিতে তাৎক্ষনিক সুবিধাঃ

১) সিলেট অঞ্চল হতে ঢাকার পার্শ্ববর্তী এলাকায় অধিক পরিমাণ বিদ্যুৎ সঞ্চালন এবং সিলেট-ঢাকা বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্কের বিদ্যমান মাত্রাতিরিক্ত চাপ মুক্ত হয়েছে।
২) সিলেট অঞ্চলের উৎপাদিত বিদ্যুৎ টঙ্গী, আমিনবাজার, কবিরপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ এলাকাসহ জাতীয় গ্রীডে সঞ্চালন হচ্ছে।
৩) এই প্রকল্প বাস্তবায়নের ফলে বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা আরও বৃদ্ধি পেয়েছে।
৪) বৃহত্তর ঢাকা অঞ্চলের ভোল্টেজ লেভেল উন্নত হয়েছে।
৫) এই লাইন নির্মাণের ফলে সঞ্চালন লসের পরিমাণও হ্রাস পেয়েছে।
৬) প্রকল্প এলাকায় আর্থিক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টি হয়েছে। যা সরকারের দারিদ্র বিমোচনে গৃহীত উদ্যোগসমূহকে সহায়তা করছে।
৭) ফেঞ্চুগঞ্জে ২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি লাইন নির্মিত হওয়ায় প্রথমবারের মত সিলেট অঞ্চলে উৎপাদিত বিদ্যুৎ কুমিল্লা পর্যন্ত ২৩০ কেভি দ্বারা সঞ্চালনের পথ সুগম হয়েছে।

১২.৫। সঞ্চালন লাইনটি নির্মাণের ভবিষ্যৎ সুবিধা

সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির পাশাপাশি ভবিষ্যতে সিলেট অঞ্চলে নির্মাণাধীন ও নির্মিতব্য গ্যাসভিত্তিক বৃহৎ বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে বৃহত্তর ঢাকার চাহিদা পূরণে সঞ্চালিত বিপুল পরিমাণ বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলোর কাছে সরবরাহের সুবিধা সৃষ্টি করেছে।

১২.৬। গুণগত মান পরীক্ষা

প্রকল্পের প্রধান প্রধান যন্ত্রপাতি/মালামালগুলো হল পাওয়ার ট্রান্সফরমার, ৪০০ কেভি শান্ট রিঅ্যাকটর, অক্সিলিয়ারী ট্রান্সফরমার, ৪০০ কেভি, ২৩০কেভি, ১৩২ কেভি, ৩৩ কেভি সার্কিট ব্রেকার, ডিসকানেকটর উইথ আর্থিং সুইচ (৪০০ কেভি, ২৩০ কেভি, ১৩২ কেভি), ষ্টীল স্ট্রাকচার ফর গেইন্ট্রি টাওয়ার এন্ড ইক্যুইপমেন্ট সাপোর্ট, অ্যাংকর বোল্ট, প্রোটেক্টিভ রিলেজ, ষ্টীল টাওয়ার, কন্ডাক্টর, ইন্সুলেটর, আর্থ-ওয়ার ইত্যাদি সহ আরও অনেক আইটেম। চুক্তি মোতাবেক প্রধান প্রধান যন্ত্রপাতির ফাক্টরী টেস্ট ও ইন্সপেকশন শেষে প্রাক-জাহাজীকরণ প্রতিবেদন প্রদানের পর জাহাজীকরনের ব্যবস্থা গ্রহণ করা হয়। এ সকল টেস্ট ও ইন্সপেকশনে যন্ত্রপাতির স্পেসিফিকেশন পরীক্ষা করে দেখা হয়ে থাকে। এ প্রকল্পের ফ্যাক্টরী অ্যাকসেপট্যান্স টেস্ট (FAT)-গুলো পরীক্ষা করে দেখা হয়েছে।

১২.৭। **প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে বিলম্ব**

১. প্রকল্পের শুরুতে ১৬৮ মিলিয়ন মার্কিন ডলার প্রকল্প সাহায্যের প্রত্যাশা করা হলেও ইডিসিএফ হতে ৯২.৫ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা পাওয়া যায়। শুরুতে এরুপ অর্থায়নের সমস্যার কারণে সম্ভবতঃ মূল প্রকল্পটি ০৫-১০-২০১০ তারিখে একনেক এর সভায় অনুমোদিত হলেও কিছুদিন পর ০১-০৩-২০১১ তারিখে অনুমোদনের পত্র জারী করা হয়।

২. প্রকল্পটির বিভিন্ন প্যাকেজের বেশীর ভাগ ক্ষেত্রে ক্রয় প্রক্রিয়ার মুল্যায়নের পর ইডিসিএফ এর সম্মতি নিতে হয়েছে। এছাড়াও বিদ্যুৎ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয় এবং ক্ষেত্রবিশেষে ভূমি মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয় ও এনবিআর এর মতামত (ভেটিং) নিতে হয়েছে। বৈদেশিক পরামর্শকের সুপারিশ গ্রহনেও কোন কোন ক্ষেত্রে বিলম্ব হয়েছে।

৩. ডিজাইন পরিবর্তন, লাইন রুট পরিবর্তন, রাইট অব ওয়ে সমস্যা ইত্যাদির কারণে বাস্তবায়নকালে বিলম্ব হয়েছে।

৪. টার্নকি ঠিকাদারের বৈদেশিক যন্ত্রপাতি/মালামাল আমদানীর সময় যথাসময়ে সিডি ভ্যাট পরিশোধে ও মালামাল খালাসে দেরী হয়েছে।

৫. টাওয়ার নির্মাণকালে ভূমির মালিকদের ও বনবিভাগের বাঁধার কারণে কাজে বিলম্ব হয়েছে।

৬. স্থানীয় লোকজনের বাঁধার কারণে কালিয়াকৈর উপকেন্দ্রের জন্য ভূমি অধিগ্রহণ বিলম্বিত হয়।

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ সিলেট বিভাগে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ সিলেট হতে ঢাকায় সঞ্চালন এবং বিদ্যমান সঞ্চালন লাইনের উপর লোড হ্রাসকরণ; ➢ ঢাকার উত্তরাংশে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ; এবং ➢ সিলেট অঞ্চলে নতুন স্থাপিতব্য ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা।	➢ সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির পাশাপাশি ভবিষ্যতে সিলেট অঞ্চলে নির্মাণাধীন ও নির্মিতব্য গ্যাসভিত্তিক বৃহৎ বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে বৃহত্তর ঢাকার চাহিদা পূরণে সঞ্চালিত বিপুল পরিমাণ বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলোর কাছে সরবরাহের সুবিধা সৃষ্টি করেছে। ➢ এ প্রকল্প বাস্তবায়িত হওয়ার ফলে জাতীয় গ্রীডের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইনে ৩৩৯ সার্কিট কিঃমিঃ, ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি লাইনসহ অন্যান্য ২৩০ কেভি ও ১৩২ কেভি লাইনের মোট নেটওয়ার্ক বৃদ্ধি ৬১২ সার্কিট কিঃমিঃ। ➢ কালিয়াকৈর ও বিবিয়ানায় ৪০০/২৩০ কেভি ও কালিয়াকৈরে ৪০০/১৩২ কেভি এবং ফেঞ্চুগঞ্জে ২৩০/১৩২ উপকেন্দ্র নির্মিত হওয়ার ফলে গ্রীড উপকেন্দ্রের ধারনক্ষমতা মোট ১৭৯১ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে।

১৪। প্রকল্পের প্রধান প্রধান প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

১৪.১ মালামাল, কাজ ও সেবা ক্রয় সংক্রান্ত পরিবীক্ষণ

প্রকল্পের আরডিপিপি (১ম সংশোধিত)-এ মোট ১৬টি প্যাকেজে ক্রয় (সংগ্রহ) পরিকল্পনা দেয়া হয়েছিল। এর মধ্যে মালামাল ক্রয়ের জন্য ৮টি, কাজ ক্রয়ের জন্য ৭টি এবং সেবা ক্রয়ের জন্য ১টি প্যাকেজের সংস্থান ছিল। ক্রয় প্রক্রিয়া পর্যালোচনায় কোন প্যাকেজকে দুই বা ততোধিক সাব-প্যাকেজে বিভক্ত করার বিষয় পরিলক্ষিত হয়নি।

১৪.২ মালামাল ও কাজ ক্রয়

প্রকল্প কাজের মূল অঙ্গসমূহ সম্পাদনের নিমিত্তে অনুমোদিত আরডিপিপি-তে মালামাল ক্রয়ের জন্য ৬টি প্যাকেজ ও সংশ্লিষ্ট কাজ ক্রয়ের জন্য অনুরূপ ৬টি প্যাকেজ এর ব্যবস্থা করা আছে (মোট ১২টি প্যাকেজ)। মালামাল ক্রয়ের প্যাকেজ ও সংশ্লিষ্ট কাজ ক্রয়ের প্যাকেজ একত্রে একটি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করে নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে। এভাবে নিম্নবর্ণিত ৬টি ক্রয় সম্পাদন করা হয়েছে।

১. বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন লাইন
২. কালিয়াকৈর ৪০০/২৩০/১৩২কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ
৩. বিবিয়ানা ৪০০/২৩০কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ

৪. কালিয়াকৈর উপকেন্দ্র হইতে বিদ্যমান ২৩০কেভি আমিনবাজার-টঙ্গী সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ণ-ইন ও টার্ণ-আউট ফোর-সার্কিট লাইন নির্মাণ। কালিয়াকৈর উপকেন্দ্র হইতে বিদ্যমান ১৩২কেভি কবিরপুর-টাঙ্গাইল সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ণ-ইন ও টার্ণ-আউট ফোর-সার্কিট সঞ্চালন লাইন। ১৩২কেভি কালিয়াকৈর-ধামরাই সঞ্চালন লাইন নির্মাণ।

৫. ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০কেভি সঞ্চালন লাইন।

৬. ফেঞ্চুগঞ্জ ২৩০কেভি উপকেন্দ্র নির্মাণ এবং ফেঞ্চুগঞ্জ ১৩২/৩৩কেভি উপকেন্দ্রের নতুন ১২টি ১৩২কেভি বে ও কুমিল্লা (উত্তর) ২৩০/১৩২কেভি উপকেন্দ্রে নতুন ২টি ২৩০কেভি বে নির্মাণ। ফেঞ্চুগঞ্জ পাওয়ার ষ্টেশন-ফেঞ্চুগঞ্জ ফোর-সার্কিট ১৩২কেভি সঞ্চালন লাইন।

প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্র-১ বিবিয়ানা ৪০০/২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র



চিত্র ২ কালিয়াকৈর ৪০০/২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র

১৫। এক্সটার্নাল অডিট সংক্রান্ত তথ্যঃ

২০১০-২০১১ হতে ২০১৬-১৭ পর্যন্ত বিভিন্ন অর্থবছরে ২৫ টি অডিট আপত্তি দেয়া হয়েছে। অদ্যাবধি ১১ টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি।

১৬। সুপারিশ/মতামত:

১৬.১। কারিগরী বিষয়াদি

(ক) সঞ্চালন লাইন নির্মাণের জন্য প্রয়োজনীয় টাওয়ার সমূহ বার বার ডিজাইন করার পরিবর্তে স্ট্যান্ডার্ড ডিজাইন থাকা প্রয়োজন; এবং

(খ) ব্যাকবোন লাইন হিসেবে বাংলাদেশে ৪০০ কেভি তদুর্ধ্ব ভোল্টেজের সঞ্চালন নির্মাণ করা প্রয়োজন। এতে বড় বড় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে একসাথে অধিক পরিমানে বিদ্যুৎ লোড সেন্টার পর্যন্ত সঞ্চালনের সুবিধা হবে।

১৬.২। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব প্রসঙ্গে

(ক) সঞ্চালন লাইনের সাথে উপকেন্দ্র নির্মাণের ক্ষেত্রে প্রকল্প শুরুর অনেক আগেই আলাদাভাবে উপকেন্দ্র নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা যেতে পারে। এতে প্রকল্প বাস্তবায়নকালে ভূমি অধিগ্রহণ জটিলতায় সৃষ্ট দীর্ঘ বিলম্ব এড়ানো সম্ভব;

(খ) টাওয়ার ও লাইন নির্মাণের জন্য রাইট অব ওয়ে (Right of Way) নির্ধারণের সময় জমির মালিকদের বাঁধার কারণ বিবেচনায় নিয়ে তাঁদের বিভিন্ন শ্রেণির জমির বিপরীতে যথোপযুক্ত ক্ষতিপূরণের ব্যবস্থা করা যেতে পারে। এতে এ সংক্রান্ত বিলম্ব কমে আসবে;

(গ) প্রকল্প বাস্তবায়নকালে ডিজাইন পরিবর্তন, বিশেষ ক্ষেত্রে লাইন রুট পরিবর্তন ইত্যাদি কাজে সিদ্ধান্ত চূড়ান্তকরণে ও অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করা প্রয়োজন। প্রকল্প ব্যবস্থাপনার কার্যক্রমে চেঞ্জ ম্যানেজমেন্টের সকল প্রক্রিয়া প্রকল্প বাস্তবায়নের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার সাথে সমান্তরালভাবে বিবেচনা করা প্রয়োজন।

১৬.৩। প্রকল্পের ব্যবস্থাপনা প্রসঙ্গে

(ক) প্রকল্পের শুরু হতেই ডিপিপি অনুযায়ী প্রয়োজনীয় সকল লোকবল পদায়ন করা হয়নি। সেজন্য বিদ্যমান জনবলের উপর কাজের চাপ পড়ে থাকে। প্রকল্পের শুরুতেই যত তাড়াতাড়ি সম্ভব লোকবল ও অন্যান্য দাপ্তরিক লজিস্টিক সুবিধা সৃষ্টিতে সংশ্লিষ্ট সকলের সহায়তা প্রদান করা হলে প্রকল্পের শুরুতেই অনেক জটিলতা এড়ানো সম্ভব । অন্যথায়, শুরুতেই উদ্ভুত এসব জটিলতা প্রকল্প বাস্তবায়নকালে এবং প্রকল্পের শেষে আরও অনেক জটিলতার জন্ম দিয়ে থাকে; এবং

(খ) প্রকল্প ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও হিসাব রক্ষণাবেক্ষণসহ আর্থিক ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রকল্প ব্যবস্থাপনার উপর বিস্তারিত প্রশিক্ষণের ব্যবস্থা থাকা একান্ত জরুরি। প্রশিক্ষণে আধুনিক স্বয়ংক্রিয় ডক্যুমেন্ট ব্যবস্থাপনার বিষয় অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন।

"পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি" শীর্ষক সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৭)

১। **প্রকল্পের নামঃ** পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি

২। **বাস্তবায়নকারী সংস্থাঃ** Power Grid Company of Bangladesh Limited (পিজিসিবিএল)

৩। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ** বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪। **প্রকল্পের অবস্থানঃ** সমগ্র বাংলাদেশ

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল মোট টাকা প্র: সা:	সর্বশেষ সংশোধিত মোট টাকা প্র: সা:		মূল	সর্বশেষ সংশোধিত			
১০১০.৩৭ ১০১০.৩৭ ২৯৬.৯৩ ৭১৩.৪৪	১০১০.৩৭ ১০১০.৩৭ ৩২৩.৯৩ ৬৮৬.৪৪	৮৮৮.৫৭	অক্টোবর ২০১৫ হতে ডিসেম্বর ২০১৬	অক্টোবর ২০১৫ হতে ডিসেম্বর ২০১৬	অক্টোবর ২০১৫ হতে ডিসেম্বর ২০১৬	-১২.০৫%	-

৬। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের বিদ্যুতের চাহিদা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এই কমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণের জন্য সরকার দেশব্যাপী বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়ন বিভিন্ন ধরনের উন্নয়ন পরিকল্পনা হাতে নিয়েছে। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান (PSMP) অনুযায়ী ৪০০০ মেঃওঃ ক্ষমতার নিউক্লিয়ার প্ল্যান্ট স্থাপন করার সংস্থান রয়েছে। তদনুযায়ী বাংলাদেশ সরকার রুপপুরে দু'টি পর্যায়ে ২ x ১২৫৫ মেঃওঃ ক্ষমতার পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে। পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের গঠনপ্রকৃতি ও কার্যবলী জটিল বিধায় তা উচ্চতর পর্যায়ের নিরাপত্তা ও সতর্কতার প্রয়োজন, তাই জাতীয় গ্রীডে সর্বপ্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সং যোজনের পূর্বে ট্রান্সমিশন ব্যবস্থার পরীক্ষা ও উন্নয়নে একটি বিস্তারিত এবং ব্যাপক Study করা আবশ্যক।

৭। প্রকল্পটির অনুমোদন ও সংশোধনঃ

আলোচ্য প্রকল্পটি পিজিসিবি কর্তৃক বাস্তবায়িত সমীক্ষা প্রকল্পটি গত ২১-০৩-২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট মোট ১০১০.৩৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ১০১০.৩৭ লক্ষ টাকা) এবং প্রকল্পটির মেয়াদ অক্টোবর ২০১৫ হতে ডিসেম্বর ২০১৬ এ নির্ধারণ করে অনুমোদিত হয়। ফিজিবিলিটি স্ট্যাডি প্রকল্পের জন্য পরামর্শক প্রতিষ্ঠান M/s. ETS-PROJECT LLC, Russia এর সাথে ০৫/০৪/২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়।

৮| প্রকল্পের উদ্দেশ্যঃ

ডিপিপি অনুযায়ী "পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি" - শীর্ষক প্রকল্পের মূল উদ্দেশ্য হলোঃ

ক) রুপপুরে নির্মিতব্য ২ X ১২৫৫ মেঃওঃ ক্ষমতার পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের জন্য সঞ্চালন লাইন ও বিদ্যুৎ কেন্দ্রের উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় স্পেসিফিকেশন ও ডিজাইন নির্ধারণ করা; এবং

খ) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের লক্ষ্যে গ্রীড সিস্টেম পরীক্ষা ও উন্নয়নে প্রয়োজনীয় স্টাডি সম্পাদন করা|

৯| প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
০১	জনাব মোঃ নুরুজ্জামান	০৫-০৪-২০১৬	শেষ পর্যন্ত

১০| প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পটির বাস্তবায়নের শুরু হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৮৮৮.৫৭ লক্ষ টাকা (%) ও ভৌত অগ্রগতি ১০০% | বিদ্যুৎ বিভাগ থেকে প্রাপ্ত PCR (project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির বাস্তবায়নের শুরু হতে প্রকল্পের শেষ পর্যন্ত অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হলঃ

(লক্ষ টাকায়)

Sl. No.	Items of Work (as per DPP)	Unit	**Cost as per DPP/TPP**	**Achievement upto last June**	
				Financial	**Phy. Progress (%)**
1	***2***	***3***	***4***	***5***	***6***
১	Pay of Officers	৫	৫.০৫	-	-
২	Pay of Staffs	-	-	-	-
৩	Pay of Establishment	১	০.২১	-	-
৪	Allowances	৫	১.০০	-	-
৫	Supply & services	L.S	৬.৮৫	-	-
৬	Others (Tex & Vat)	L.S	২৪০.২৬	২৩৮.৮০	
৭	Consultancy	MM	৬৮৬.৪৪	৬৪৮.৪১	
৮	Acquisition of Assets	-	৭০.৫৬	-	-
৯	Transport	১	৭০.৫৬	১	
১০	Tools and Plants	L.S	-	-	-
১১	Office Equipment	L.S	-	-	-
১২	Office Furniture	L.S	-	-	-
১৩	Development Import Duty & other charges	L.S	-	-	-
১৪	IDC	L.S	-	১.৩৬	-
১৫	Contingency	L.S	-	-	-
১৬	Physical Contingency	L.S	-	-	-
১৭	Price Contingency	L.S	-	-	-
	মোট		১০১০.৩৭	৮৮৮.৫৭	

১১। প্রকল্প পরিদর্শনঃ আইএমই বিভাগের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক গত ০৪/০১/২০১৮ তারিখে প্রকল্পটি প্রকল্প পরিচালকের দপ্তরে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১২। পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যাঃ

১২.১ Consulting Services এর জন্য ০৮/০৭/২০১৫ তারিখে দরপত্র আহবান করা হলেও ৮(মাস) মাস পর ০৫/০৪/২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। এত দীর্ঘ বিলম্বের কারণ হিসেবে প্রকল্প দপ্তর হতে জানানো যে, উন্নয়ন সহযোগী সংস্থা এবং পিজিসিবি যৌথভাবে দরপত্র মূল্যায়ন করা ও সমন্বয় সাধন করার কারণে চুক্তি স্বাক্ষরে বিলম্ব হয়েছে। M/s. ETS-PROJECT LLC, Russia আলোচ্য প্রকল্পে পরামর্শক হিসেবে নিয়োজিত ছিল।

১২.২ প্রকল্পটির কোন এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি।

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(ক) রুপপুরে নির্মিতব্য ২ x ১২৫৫ মেঃওঃ ক্ষমতার পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের জন্য সঞ্চালন লাইন ও বিদ্যুৎ কেন্দ্রের উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় স্পেসিফিকেশন ও ডিজাইন নির্ধারণ করা; এবং	(ক) রুপপুরে নির্মিতব্য ২ x ১২৫৫ মেঃওঃ ক্ষমতার পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের জন্য সঞ্চালন লাইন ও বিদ্যুৎ কেন্দ্রের উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় স্পেসিফিকেশন ও ডিজাইন নির্ধারণ করা হয়েছে।
খ) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের লক্ষ্যে গ্রীড সিস্টেম পরীক্ষা ও উন্নয়নে প্রয়োজনীয় Study সম্পাদন করা।	খ) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের লক্ষ্যে গ্রীড সিস্টেম পরীক্ষা ও উন্নয়নে প্রয়োজনীয় Study সম্পাদন করা হয়েছে।

১৪। প্রকল্পের প্রধান প্রধান প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

Description of procurement (goods/works /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in lakhTaka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of gooods	
	As per RTPP	Contracted value	Invitation date	Contract signing/L.C opening date	As per contract	Actual
1	*2*	*3*	*4*	*5*	*6*	*7*
Consulting Services	1010.37	888.57	08/07/2015	05/04/2016	31/12/2016	31/12/2016

১৫। অডিট সংক্রান্ত তথ্যঃ

প্রকল্পটির কোন এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি।

১৬। সুপারিশ/মতামত:

১৬.১ পিজিসিবি একটি কারিগরি প্রতিষ্ঠান হিসেবে ১৯৯৪ সালের কোম্পানী অ্যাক্ট অনুযায়ী গঠিত হয়ে ১৯৯৬ সাল থেকে স্বতন্ত্রভাবে সঞ্চালন লাইন নির্মাণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত কাজ করে যাচ্ছে । সঞ্চালন লাইন নির্মাণ সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করাসহ অন্যান্য যে সকল কাজ ইতিমধ্যে বাংলাদেশে একাধিকবার সম্পন্ন হয়েছে, ভবিষ্যতে সেই সকল সমীক্ষা কাজ পিজিসিবি'র প্রকৌশলীগণ এবং বাংলাদেশের দক্ষ প্রকৌশলীগণ দ্বারা ভবিষ্যতে পরিচালনা করা যুক্তিযুক্ত হবে;

১৬.২ রুপপুরে নির্মিতব্য ২ X ১২৫৫ মেঃওঃ ক্ষমতার পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের জন্য সঞ্চালন লাইন ও বিদ্যুৎ কেন্দ্রের উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় স্পেসিফিকেশন ও ডিজাইন নির্ধারণ করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল। ভবিষ্যতে মূল সঞ্চালন নির্মাণ কাজ শুরু হলে সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন অনুযায়ী স্পেসিফিকেশন ও ডিজাইন নির্ধারণ করা হচ্ছে কিনা সে বিষয়ে সংস্থা নজর রাখবে;

১৬.৩ প্রকল্পটির এক্সটারনাল অডিট সম্পন্ন করতে হবে।

শাহজীবাজার ৩৩০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৭)

১। **প্রকল্পের নামঃ** শাহজীবাজার ৩৩০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ

২। **বাস্তবায়নকারী সংস্থাঃ** বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৩। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ** বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪। **প্রকল্পের অবস্থানঃ**

বিভাগ	জেলা	উপজেলা
সিলেট	হবিগঞ্জ	শাহজীবাজার

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
২৮৪৩৭২.২৭ (১৯৪৫৭৯.২৯)	**২৮০৯২০.৪৪ (২১০৫৭৯.২৯)**	২৭৯৮৬৯.০০	জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৫	জানুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৭	জানুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৭	--	৫০%

প্রকল্প সাহায্যের উৎসঃ Export Credit Agency (ECA) financing এর মাধ্যমে প্রকল্পটিতে ঋণ সংগ্রহকারী প্রতিষ্ঠান, HSBC, China ২৩৮.২৭ মিলিয়ন ইউএস ডলার (১৯৪৫.৭৯ কোটি টাকা) এর আওতায় অর্থায়ন করেছে।

৬। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

প্রকল্প অনুমোদনের সময় একনেক সভায় উপস্থাপিত প্রকল্প গ্রহণের পটভূমি নিম্নে উল্লেখ করা হ'লঃ

"উন্নয়নশীল বাংলাদেশের উন্নয়নের জন্য বিদ্যুৎ সবচেয়ে গুরুত্বপূর্ণ চালিকা শক্তি। দেশে বার্ষিক বিদ্যুতের চাহিদা ৮-১০**%** হারে বৃদ্ধি পাচ্ছে। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান অনুযায়ী ২০১৪ ও ২০১৫ সালে সর্বোচ্চ চাহিদা হবে যথাক্রমে ৯,২৬৮ মেঃওঃ এবং ১০,২৮৩ মেঃওঃ । বিপিডিবি পরবর্তী ৫ বছরে প্রায় ১২,০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের বৃদ্ধির জন্য ব্যাপক কর্মকসূচি হাতে নিয়েছে। ২০২১ সালের মধ্যে ২৫,০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশের অধিকাংশ বিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রাকৃতিক গ্যাস ব্যবহার করা হয়। হবিগঞ্জে গ্যাসের সহজলভ্যতা রয়েছে, তাই দেশের বিদ্যুৎ-এর চাহিদা পূরণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই কমিটির সুপারিশের ভিত্তিতে হবিগঞ্জ জেলার শাহজীবাজারে ৩৩০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, সর্বনিম্ন দরদাতা প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রের ক্ষমতা ৩৩১.৫১ মেঃওঃ হবে বলে নিশ্চয়তা প্রদান করেছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে জাতীয় গ্রিডে ৩৩১.৫১ মেঃওঃ বিদ্যুৎ যুক্ত হবে"।

৭| প্রকল্পটির অনুমোদন ও সংশোধনঃ

আলোচ্য প্রকল্পটি গত ২ এপ্রিল ২০১৩ তারিখে মোট ২৮৪৩৭২.২৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের প্রথম সংশোধন মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৮০৯২০.৪৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৮/০৬/২০১৭ তারিখে অনুমোদিত হয়।

৮| প্রকল্পের উদ্দেশ্যঃ

(১) প্রাকৃতিক গ্যাসের সদ্ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করে বিদ্যুৎ চাহিদা ও সরবরাহের মধ্যে ক্রমবর্ধমান ব্যবধান হ্রাস করা;

(৩) বর্তমানে বিদ্যমান/বিদ্যুৎ ঘাটতি লাঘব ও লোড শেডিং কমানো;

(৩) জাতীয় গ্রিডে বিদ্যুতের নিরবচ্ছিন্ন ও স্থিতিশীল বিদ্যুৎ সরবরাহ ও সিস্টেম রিলায়েবিলিটি বৃদ্ধি।

৯| প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
০১	জনাব জাফর উল্লাহ ভূইয়া, প্রধান প্রকৌশলী	০৫/০৭/২০১২	২৩/০৯/২০১৪
০২	জনাব মোঃ মীজানুর রহমান, প্রধান প্রকৌশলী	২৩/০৯/২০১৪	০৯/০২/২০১৫
০৩	জনাব মোঃ আজহারুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী	০৯/০২/২০১৫	২৫/০৫/২০১৫
০৪	জনাব আবুল কালাম আজাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উপ প্রকল্প পরিচালক)	২৫/০৫/২০১৫	১৫/০৬/২০১৫
০৫	জনাব আবুল বাসার খান, প্রধান প্রকৌশলী	১৫/০৬/২০১৫	১৩/০১/২০১৬
০৬	জনাব আবুল কালাম আজাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উপ প্রকল্প পরিচালক)	১৩/০১/২০১৬	২৮/০২/২০১৬
০৭	জনাব সৈয়দ আবদুল হাকিম শাহ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী	২৮/০২/২০১৬	৩০/০৬/২০১৭

১০। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিঃ

বিদ্যুৎ বিভাগ থেকে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হলঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং এবং ডিপিপি অনুসারে অংগের নাম (পরিমাণসহ)	প্রাক্কলিত ব্যয়	জুন ২০১৭ পর্যন্ত ক্রম অগ্রগতি	
		আর্থিক	ভৌত (% অংগের)
১	২	৩	৪
ক , অফিসার ও কর্মচারীদের বেতন) রাজস্ব ব্যয় ((ভাতাদি ও অন্যান্য	৫৬৫.৩২	৩৪৭.৬৭	৬০.৫০%
উপ(রাজস্ব ব্যয়) মোট-	**৫৬৫.৩২**	**৩৪৭.৬৭১**	**৬০.৫০%**
খ) মুলধন ব্যয়			
১। ম্যাশিনারিজ এন্ড ইকুইপমেন্ট	১৯০২৪৮.২১	১৯০২৪৮.২১	১০০%
২। পূর্তকাজ (আবাসিক ,অনাবাসিক)	১১১৬৬.৪৪	১১১৬৬.৪৪	১০০%
৩। ইরেকশনটেষ্টিং এন্ড কমিশনিং ,	৭৬৪৯.৪২	৭৬৪৯.৪২	১০০%
৪। অফিস ফার্নিচার	১৩৩.০০	২৯.২২	২১.৯৭
৫। গ্যারান্টি পিরিয়ড অপারেশন	৪৬০৯.৪১	৪৬০৯.৪১	১০০%
৬। ট্রেনিং বৈদেশিক	৭৬৩.৬২	৭৬৩.৬২	১০০%

ক্রমিক নং এবং ডিপিপি অনুসারে অংগের নাম (পরিমাণসহ)	প্রাক্কলিত ব্যয়	জুন ২০১৭ পর্যন্ত ক্রম অগ্রগতি	
		আর্থিক	ভৌত (% অংগের)
১	২	৩	৪
৭। ট্রেনিং স্থানীয়	১৫৮.৬৩	১৫৬.৬৩	১০০%
৮। ভূমি অধিগ্রহণ	২৪৬২.০৫	২৪৬২.০৫	১০০%
৯। ভূমি উন্নয়ন	১৬৭.৪৯	০০.০০	০.০০
১০। ওয়ার্কসপ এন্ড টেষ্ট ইনকুডিং টেষ্ট উইথনেস (টার্ণকি)	২৬৮.৮৮	২৬৮.৮৮	১০০%
১১। ডকুমেন্ট ও ড্রইং	৪১৫.৪২	৪১৫.৪২	১০০%
১২। গ্যাস পাইপ লাইন এন্ড আরএমএস নির্মাণ	৯৩০.৭৩	৯৩০.৭৩	১০০%
১৩। সুপারভাইজারী কনসালটেন্সী সার্ভিস	৮২৭.০০	২৫৭.৯৮	১০০%
১৪। ব্যাংক চার্জ	২২১১.২৫	২২১১.২৫	৩১.১৯%
১৫। বীমা	২৩০৭৫.০০	২৩০৭৫.০০	১০০%
১৬। এজেন্সি ফি (নন টার্ণকী)	৩২৭.৪০	৩২৭.৪০	১০০%
১৭। কমিটমেন্ট ফি (টার্ণকী)	৪৪৮৬.৭৭	৪৪৮৬.৭৭	১০০%
১৮। ফ্রেইট এন্ড ইন্সুরেন্স	৭০৪২.৮৯	৭২৪২.৮৯	১০০%
১৯। ইনল্যান্ড ট্রান্সপোর্টেশন	২৬২৮.৩১	২৬২৮.৩১	১০০%
২০। ফুয়েল ফর ইনিশিয়াল রান (মাস ৩)	১০৫৯.৭৭	১০৫৯.৭৭	১০০%
২১। নির্মাণকালীন বৈদ্যুতিক বিল	১৪.০০	০০	০.০০
২২। ভ্যাট এন্ড ইনকাম ট্যাক্স	১৪১৪৩.৪০	১৪১৪৩.৪০	১০০%
২৩। কাস্টম ডিউটিট্যাক্সেস এন্ড ভ্যাট ,	৩১৯১.৯৫	৩১৯১.৯৫	১০০%
২৪। নির্মাণকালীন সুদ (%৩)	২১৭৫.০৮	২১৭৫.০৮	১০০%
২৫। ফিজিক্যাল কন্টিজেন্সি	০০	০০	-
২৬। কস্ট এ্যাসকেলেশন	০০	০০	-
উপ(মূলধন ব্যয়) মোট-	**২৮০৩৫৫.১২**	**২৭৯৫২১.৩৬**	
সর্বমোট (খ)+(ক)	**২৮০৯২০.৪৪**	**২৭৯৮৬৯.০০**	**৯৯.৬৩**

১১। প্রকল্প পরিদর্শনঃ আইএমই বিভাগের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক গত ১৯ ডিসেম্বর ২০১৭ তারিখে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক বা প্রকল্প সংশ্লিষ্ট কোন কর্মকর্তা উপস্থিত ছিলেন না।

১২। পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যাঃ

১২.১। প্রকল্পের আওতায় অক্সিলিয়ারি সিস্টেমসহ দুইটি ১২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন গ্যাস টারবাইন ইউনিট স্থাপন করা হয়েছে; এই ইউনিটগুলি জেনারেল ইলেকট্রিক (GE), ফ্রান্স কর্তৃক প্রস্তুতকৃত এবং ২০১৫ সালে উৎপাদনকৃত দেখা যায়। গ্যাস টারবাইন ইউনিটের কমিশনিং কাজ শেষ হয়েছে এবং পরীক্ষামূলকভাবে চালানো হয়েছে। ২০/০৮/২০১৬ তারিখে দুইটি ইউনিটের Initial Commercial Operation সম্পন্ন হয়েছে এবং সফলভাবে বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়েছে। প্রকল্প দলিল অনুযায়ী পাওয়ার প্ল্যান্টের ক্ষমতা ৩৩০ মেগাওয়াট অনুমোদিত হলেও প্রকৃতপক্ষে প্ল্যান্টের রেটেড ক্যাপাসিটি ৩৬৫ মেঃ ওঃ (গ্যাস টারবাইন ২৪০ মেঃ ওঃ + স্টীম টারবাইন ১২৫ মেঃ ওঃ) । National Load Dispatch Centre (NLDC)-এর চাহিদার ভিত্তিতে এ কেন্দ্রের উৎপাদন হ্রাস /বৃদ্ধি করা হয়। বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রধান অঙ্গের স্পেসিফিকেশন প্রতিবেদনের সংযুক্তি-'ক' তে দেয়া হলো।

১২.২। প্রকল্পের আওতায় অক্সিলিয়ারি সিস্টেমসহ একটি ১২৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন স্টীম টারবাইন ইউনিট স্থাপন করা হয়েছে; উক্ত ইউনিটটি Harbin,China কর্তৃক প্রস্তুতকৃত এবং ২০১৫ সালে উৎপাদনকৃত দেখা যায়। বিদ্যুৎ কেন্দ্রে

স্থাপিত HRSG(Heat Recovery Steam Generator) বয়লারটি HANGJU,China কর্তৃক প্রস্তুতকৃত এবং ২০১৬ সালে উৎপাদনকৃত।

১২.৩। বিদ্যুৎ কেন্দ্রে স্থাপিত গ্যাস বুস্টার কমপ্রেসরটি Mantarbo, Diesel,Germany কর্তৃক প্রস্তুতকৃত এবং ২০১৫ সালে উৎপাদনকৃত। প্রকল্প দপ্তরের সাথে আলাপসূত্রে জানা যায়, ০৬/০৯/২০১৬ তারিখে সেটি চালু হয়েছে। Gas Transmission Company Limited (জিটিসিএল) কর্তৃক ৪০০ মিটার গ্যাস পাইপ লাইন স্থাপনের কাজ শেষ হয়েছে।

১২.৪। প্রকল্পের আওতায় দুইটি ২৩০ কেভি লাইন বে এবং একটি ২৩০ কেভি ডেড এন্ড টাওয়ার টার্ণকী ভিত্তিতে স্থাপন করা হয়েছে। উক্ত কাজটি M/s JVCA of Guangdong Power Engineering Corporation (GPEC) and Guangdong Electric Power Design Institute (GEDI), China হতে সরাসরি ক্রয় পদ্ধতি(ডিপিএম) ক্রয় করা হয়েছে। বিদ্যুৎ কেন্দ্রের পাওয়ার ইভ্যাকুশনের জন্য Power Grid Company of Bangladesh Limited (পিজিসিবি) কর্তৃক সঞ্চালন লাইন নির্মাণ কাজ শেষ হয়েছে।

১২.৫। মূল অনুমোদিত প্রকল্পে পরামর্শক সেবার সংস্থান ছিলনা। কিন্তু পরবর্তীতে সংশোধিত ডিপিপি'তে মোট ৮২৭.০০ লক্ষ টাকা ব্যয়ে পরামর্শক সেবার সংস্থা রয়েছে। প্রস্তাবিত ডিপিপি অনুযায়ী **Engineering/ Consultancy service** সেবার জন্য ৭৭৬.৩০ লক্ষ টাকা মূল্যে ২০/০৮/২০১৫ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ৩১/০৩/২০১৭ তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে। অনুরূপভাবে **Environmental Consultancy Service** সেবার জন্য ৫০.৭০ লক্ষ টাকা মূল্যে ৩০/০৯/২০১৪ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ৩১/০৩/২০১৭ তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে। এমতাবস্থায়, আলোচ্য প্রকল্পের সংশোধন প্রস্তাবে উক্ত অঙ্গের অন্তর্ভূক্তি ভূতাপেক্ষ অনুমোদনের পর্যায়ে পড়ে; যা "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" সংক্রান্ত পরিপত্র অনুযায়ী পরিকল্পনা শৃংখলার পরিপন্থি।

১২.৬। ০৮/০১/২০১৮ তারিখে আইএমইডি হতে প্রেরিত পত্রে নির্মিত বিদ্যুৎকেন্দ্রের Factory Acceptance Certificate/ Operational Acceptance Certificate এর কপি চাওয়া হলেও সংস্থা হতে সরবরাহ করা হয়নি।

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(ক) প্রাকৃতিক গ্যাসের সদ্ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করে বিদ্যুৎ চাহিদা ও সরবরাহের মধ্যে ক্রমবর্ধমান ব্যবধান হ্রাস করা;	(ক) ২০/১২/২০১৬ সফলভাবে প্ল্যান্টটি বাণিজ্যিক অপারেশন শুরু করে ও জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে। ফলে উৎপাদন ঘাটতি পূরন ও লোডশেডিং হ্রাস পেয়েছে বলে প্রকল্প দপ্তর জানায় ।
(খ) বর্তমানে বিদ্যমান/বিদ্যুৎ ঘাটতি লাঘব ও লোড শেডিং কমানো;	(খ) কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট স্থাপনের ফলে গ্যাস টারবাইন অংশের নির্গত ধোঁয়া পুনরায় ব্যবহার করে স্টীম টারবাইন চালানো হয়, ফলে কোনরূপ জ্বালানী ছাড়াই অতিরিক্ত ৫০% বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়।
(গ) জাতীয় গ্রিডে বিদ্যুতের নিরবচ্ছিন্ন ও স্থিতিশীল বিদ্যুৎ সরবরাহ ও সিস্টেম রিলায়েবিলিটি বৃদ্ধি।	(গ) প্ল্যান্টটিতে উৎপাদিত বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে আঞ্চলিক বিদ্যুৎ চাহিদা অনেকাংশে সম্পূর্ণভাবে পূরণ হচ্ছে বলে প্রকল্প দপ্তর জানায় ।

১৪। প্রকল্পের প্রধান প্রধান প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

IFB no/ Package no/ Sub package no	Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender /Bid/ proposal cost		Tender/Bid/ proposal		Date of completion of work/Services and supply of goods		Procurement method	Name of the contractor
		As per DPP (in lakh Taka)	Contracted value	Invitation Date	Contract signing/ LC opening Date	As per contract	Actual		
1	***2***	***3***	***4***	***5***	***6***	***7***	***8***	***9***	***10***
1	Turnkey Part: Engineering, Design, Manufacture, Inspection, Testing, Delivery to the site, Installation, Testing & Commissioning, Performance Test and Related Civil and Building works including necessary auxiliaries and ancillaries on Turnkey basis of Shahjibazar 300 MW Combined Cycle Power Plant Project	228916.81	228916.81	26/12/2011	20/05/2013	20/02/2017	Not yet Completed	OTM	M/s JVCA of Guangdong Power Engineering Corporation (GPEC)and Guangdong Electric Power Design Institute (GEDI), China.
2	Design, Build, Supply, Erection, Installation, Testing & Commissioning for Upgradation & Modification of existing Gas	-	1935.00					DPM	JVCA of Lead Partner Tormi nee, Ameri

	Regulating & Metering Station (RMS) of Shahjibazar 70 MW Power Plant& 50 MWRental Power Plant.								cana S.A & the executive Partners Southern Multiproduct Ltd. and RMG Autometers Gas Technologies Ltd.
3	Procurement and Construction of 2 (Two) nos. 230 KV Line Bays and one no. 230KV Dead End Tower at 11/230 KV Substation under Shahjibazar 330 MW Combined Cycle Power Plant Project on Turnkey basis.	-	1630.88					DPM	M/s JVCA of Guangdong Power Engineering Corporation (GPEC)and Guangdong Electric Power Design Institute (GEDI), China.

প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্র-১ঃ শাহজীবাজার ৩৩০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের ৩-ডি ভিউ



চিত্র-২ঃ শাহজীবাজার ৩৩০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের ওভারভিউ



চিত্র-৩ঃ শাহজীবাজার ৩৩০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের সুইচইয়ার্ড



চিত্র-৪ঃ শাহজীবাজার ৩৩০ মেঃওঃবিদ্যুৎ কেন্দ্রের RMS



চিত্র-৫ঃশাহজীবাজার ৩৩০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের স্টীম টারবাইন



চিত্র-৬ঃ শাহজীবাজার ৩৩০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের ট্রান্সফরমার

১৫। অডিট সংক্রান্ত তথ্যঃ প্রকল্পের পিসিআর এ অডিট সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। ০৮/০১/২০১৮ তারিখে আইএমইডি হতে প্রেরিত এক পত্রে অডিট সম্পর্কে তথ্য চাওয়া হলেও সংস্থা হতে কোন তথ্য প্রদান করা হয়নি।

১৬। সুপারিশ/মতামত:

১৬.১। বিদ্যুৎ কেন্দ্রে ঠিকমত গ্যাস সরবরাহ না করা হলে বাংলাদেশ সরকারের এত বৃহৎ অঙ্কের বিনিয়োগ ফলপ্রসূ হবেনা। জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এবং পেট্রোবাংলার উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে সঠিক পরিমাণে ও চাপে গ্যাস সরবরাহ করার বিষয়টি বিপিডিবি এবং বিদ্যুৎ বিভাগ নিশ্চিত করবে;

১৬.২। প্রয়োজন অনুসারে গ্যাস বুস্টার কমপ্রেসর চালু রাখতে হবে যাতে করে গ্যাসের চাপ কিছুটা কম পাওয়া গেলেও কাংক্ষিত মাত্রায় বিদ্যুৎ উৎপাদন করা যায়;

১৬.৩। সকল গুরুত্বপূর্ণ যন্ত্রের গায়ে ইংরেজী ভাষায় মুদ্রিত রেটিং প্লেট লাগাতে হবে এবং সকল গুরুত্বপূর্ণ যন্ত্রাংশের ইংরেজী ভাষায় মুদ্রিত ব্যবহারবিধি (User manual) সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করতে হবে;

১৬.৪। বিদ্যুৎ কেন্দ্রটি দক্ষতার সাথে পরিচালনার জন্য কোন কোম্পানীর সাথে Long Term Service Agreement (LTSA) না করে প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলীগণকে এই বিদ্যুৎ কেন্দ্রের O &M এ পদায়ন করার বিষয়টি বিবেচনা করতে হবে;

১৬.৫। মূল অনুমোদিত প্রকল্পে পরামর্শক সেবার সংস্থান ছিলনা। কিন্তু পরবর্তীতে সংশোধিত ডিপিপি 'তে মোট ৮২৭.০০ লক্ষ টাকা ব্যয়ে পরামর্শক সেবার সংস্থা রয়েছে। প্রস্তাবিত ডিপিপি অনুযায়ী Engineering/ Consultancy service সেবার জন্য ৭৭৬.৩০ লক্ষ টাকা মূল্যে ২০/০৮/২০১৫ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ৩১/০৩/২০১৭ তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে। অনুরূপভাবে Environmental Consultancy Service সেবার জন্য ৫০.৭০ লক্ষ টাকা মূল্যে ৩০/০৯/২০১৪ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ৩১/০৩/২০১৭ তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে। এমতাবস্থায়, আলোচ্য প্রকল্পের সংশোধন প্রস্তাবে উক্ত অঙ্গের অন্তর্ভূক্তি ভূতাপেক্ষ অনুমোদনের পর্যায়ে পড়ে; যা "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" সংক্রান্ত পরিপত্র অনুযায়ী পরিকল্পনা শৃংখলার পরিপন্থি। ভবিষ্যতে এ ধরণের নিয়মের ব্যত্যয় পরিহার করতে হবে;

১৬.৬ প্রকল্পের পিসিআর-এ অডিট সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। ০৮/০১/২০১৮ তারিখে আইএমইডি হতে বিপিডিবি 'র নিকট প্রেরিত পত্রে অডিট সম্পর্কে তথ্য চাওয়া হলেও সংস্থা হতে কোন তথ্য প্রদান করা হয়নি। প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়/আইএমইডিকে নির্ধারিত ছকে সরবরাহ করতে হবে;

১৬.৭ নির্মিত বিদ্যুৎকেন্দ্রের Factory Acceptance Certificate/ Operational Acceptance Certificate এর কপি মন্ত্রণালয়/আইএমইডিকে সরবরাহ করতে হবে;

১৬.৮ সুপারিশ ১৬.১ হতে ১৬.৭ এর আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ১(এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

সংযুক্তি-ক

Sl. No.	Name of the major components	Specification in brief	Country of origin	Year of Manufacturing
1	*2*	*3*	*4*	*5*
1	Gas Turbine	Frame GE	GE, France	2015
2	Gas Turbine Generating Unit	Model: 9A5 Rated Capacity: 120.8MW (151 MVA) Maximum Continuous Capacity: 163 MVA Rated Voltage: 14.5 kV Maximum Voltage: 16 kV Fluctuation rate of outlet voltage: 90% ~ 110% Power Factor: 0.8; Rated Current: 6012A	GE, Austria	2015
3	HRSG	Model No.: NG-S209E-R HP(LP) Output 181.1 (42.2) t/h HP(LP) Steam Pressure 10.71 (0.55) MPa HP(LP) Steam Temperature 539.5 (250.9)° C Gas Temperature 563.8°C	HBG, China	2016
4	Steam Turbine	Rated Power: 124.72 MW Speed: 3000 rpm Rated temperature: 537°C LP Steam: 0.61 MPa LP steam temp.: 249.7°C Condenser back pressure: 12kPa	Dongfang, China	2015
5	Steam Turbine Generator	Output 168.7 MVA Rated Power: 135 MW Rated Speed: 3000 rpm	Dongfang, China	2015
6	Gas Booster Compressor	Integrally Geared Compressor Rated Capacity: 80576 Nm^3/h Rated Power: 5500 kW	MAN Diesel & Turbo SE, Germany	2015
7	Transformers	Type: SFZ-182000/230 Product Code: 1TBEA.710.20687 Rated Power: 182000/182000 kVA Connection combination (kv): 280x1.25%/14.5 Cooling mode: ONAN (75%)/ ONAF (100%)	TBEA, China	2015
8	HV Circuit Breaker	Type: SF_6 Circuit Breaker Rated Voltage: 252 kV Rated Current: 4000 A Rated Short-circuit breaking Current: 50 kA	Jiangsu, China	2015

9	Fuel Gas System	3 stage pressure reducing RMS	Tormene A.G Switzerland	2015
10	DCS	Siemens PCS7 DCS Server Based Double bus technology	Siemens , Germany	2015
11	Generator Circuit Breaker	Type: SF_6 Circuit Breaker Rated Voltage: 23 kV Rated Current: 8500 A	ABB, Switzerland	2015

চাঁপাইনবাবগঞ্জ ১০০ মেঃওঃ এইসএফও বেইজড পাওয়ার প্ল্যান্ট নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৭)

১।	**প্রকল্পের নাম**	:	চাঁপাইনবাবগঞ্জ ১০০ মেঃওঃ এইসএফও বেইজড পাওয়ার প্ল্যান্ট নির্মাণ (১ম সংশোধিত)
২।	**প্রশাসনিক মন্ত্রণালয় / বিভাগ**	:	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় / বিদ্যুৎ বিভাগ
৩।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
৪।	**প্রকল্পের অবস্থান**	:	আমনুরা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
৫।	**প্রকল্প গ্রহনের পটভূমি**	:	

বাংলাদেশের উওরাঞ্চলে বিশেষতঃ বৃহত্তর রাজশাহী অঞ্চলে গ্যাস সংকটের কারণে চাঁপাইনবাবগঞ্জ জেলায় ১০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তরল জ্বালানী ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। রেল লাইন ব্যবহার করে তেল পরিবহনের সুবিধা থাকায় চাপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার আমনুরা নামক স্থান প্রকল্প এলাকা হিসেবে নির্বাচন করা হয়। প্রকল্পটি বায়ার্স ক্রেডিট অর্থায়নে বাস্তবায়ন করার শর্তসাপেক্ষে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক অনুমোদিত হয় এবং অর্থ বিভাগ sovereign guarantee প্রদান করে। ২০১৩ সালের প্রেক্ষাপটে দেশের বিরাজমান বিদ্যুৎ সংকট মোকাবিলা করার জন্য কুইক রেন্টাল ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের পাশাপাশি সরকারী ভাবে কতিপয় বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেয়া হয়। স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে প্রকল্প সংলগ্ন এলাকায় বিদ্যুৎ চাহিদা মেটানোর জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬।	**প্রকল্পের উদ্দেশ্য**	:	(i) বর্তমানে বিদ্যমান বিদ্যুৎ ঘাটতি লাঘব ও লোড শেডিং কমানো; (ii) স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে প্রকল্প সংলগ্ন এলাকায় বিদ্যুৎ চাহিদা মেটানো এবং গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ সরবরাহের রিলায়েবিলিটি বৃদ্ধি করা; (iii) সিস্টেম লস কমানো; এবং (iv) জাতীয় গ্রিডে নিরবচ্ছিন্ন ও স্থিতিশীল বিদ্যুৎ সরবরাহ এবং সিস্টেম রিলায়েবিলিটি বৃদ্ধি।
৭।	**প্রকল্পের অনুমোদন**	:	২৬/০১/২০১৪ (একনেক কর্তৃক অনুমোদিত)

৮। **প্রকল্পের ব্যয়** : (লক্ষ টাকা)

অনুমোদিত ব্যয় মোট জিওবি বায়ার্স ক্রেডিট সংস্থার নিজস্ব		প্রকৃত ব্যয় মোট জিওবি বায়ার্স ক্রেডিট সংস্থার নিজস্ব	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১১১৩২২.৭০ ১৪৪৫৩.৭০ ৮৯২৩৮.৮৫ ৭৫৪০.১৫	১০৯৮৭৯.৪৮ ৯৬২৯.৮৫ ৮৯৬১৫.৭০ ১০৬৩৩.৯৩	১০৮০৬২.১১ ৭০৩৯.২৪ ৮৯৬১৫.৭০ ১১৪০৭.১৭	জুলাই/২০১৩ হতে জুন/২০১৫	জুলাই/২০১৩ হতে জুন/২০১৭	জুলাই/২০১৩ হতে জুন/২০১৭	৩২৬০.৫৯ (ব্যয় হ্রাস) (-২.৯৩%)	২ বছর (১০০%)

* পিসিআর এ প্রদত্ত তথ্য অনুসারে।

৯। **প্রকল্পের প্রধান প্রধান অংগভিত্তিক বাস্তবায়ন** : বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এবং মাঠ পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

১০। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** : জিওবি, সংস্থার নিজস্ব এবং বায়ার্স ক্রেডিট অর্থায়নে ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী মোট ১০৯৮৭৯.৪৮ লক্ষ টাকা ব্যয় সংবলিত প্রকল্পটির মোট ব্যয় হয়েছে ১০৮০৬২.১১ লক্ষ টাকা (পিসিআর অনুসারে)।

সে হিসেবে প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৯৮.৩৪%। প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০% (পিসিআর অনুসারে)। ডিপিপির সিডি ভ্যাট, ব্যাংক চার্জ এবং অন্যান্য কয়েকটি খাতে মোট ৯৯৫.২০ লক্ষ টাকা ব্যয় সাশ্রয়ের কারণে প্রকল্পের আর্থিক অগ্রগতি কম।

১১। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** : পরিদর্শনকালে জানা যায় প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১২। **পরিদর্শনের বাস্তব অবস্থা** : আইএমইডির সহকারী পরিচালক জনাব মোঃ মাহ্বুব জামান কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার আমনুরায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম ০৯/০৫/২০১৮ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রকৌশলী এবং পিডিবি 'র সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।
পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও উপাত্ত এর ওপর ভিত্তি করে চূড়ান্ত সমাপ্ত প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১৩। **পরিদর্শনকৃত বিভিন্ন অংগ ভিত্তিক অগ্রগতি :**

১৩.১. আলোচ্য প্রকল্পে M/s Hubei Electric Power Survey and Design Institute, China বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের ঠিকাদার হিসেবে কাজ করছে। ৩১ মার্চ ২০১৩ তারিখে ঠিকাদারের সাথে টার্ণকী ভিত্তিতে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, বিদ্যুৎ কেন্দ্র হস্তান্তরের পর ২(দুই) বছরের ওয়ারেন্টি পিরিয়ড এবং ওয়ারেন্টি পিরিয়ড শেষে ৪(চার) বছরের LTSA(Long Term Service Agreement)-এর জন্য চুক্তি স্বাক্ষরিত হয়। ১৬ মে ২০১৫ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী চাঁপাইনবাবগঞ্জ ১০০ মেঃ ওঃ পাওয়ার প্ল্যান্ট নির্মাণ

প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী জানান বিদ্যুৎ কেন্দ্রের ১২টি জেনারেটর এর মধ্যে ১১টির কমিশনিং ০৬/০৬/২০১৭ তারিখে অর্থাৎ প্রকল্প মেয়াদে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১টি জেনারেটরের কমিশনিং ১৯/০৮/২০১৭ তারিখে সম্পন্ন হয়। তিনি আরও জানান এই বিদ্যুৎ কেন্দ্র হতে সর্বোচ্চ ১০২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়েছে বা হচ্ছে।

১৩.২ আলোচ্য প্রকল্পের আওতায় ১০০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ১২টি ৮.৯ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন জেনারেটর সংগ্রহ করা হয়েছে। এই জেনারেটরগুলি Wartsila, Finland হতে ক্রয় করা হয়েছে। ১২টি জেনারেটরের মোট ক্ষমতা ১০৬.৮ মেগাওয়াট (চিত্র :০১)।

১৩.৩ প্রকল্পের আওতায় ৩টি Step up Transformer ও ২টি Auxiliary Transformer স্থাপন ও চালু করা হয়েছে। এগুলি TBEA, China কোম্পানীতে প্রস্তুতকৃত। Transformer এর Fire fighting equipments and fire protection wall এর কাজ সমাপ্ত হয়েছে (চিত্র :০২)।

১৩.৪ প্রকল্পের আওতায় বাউন্ডারী ওয়াল (২৮৩৪ ফুট) ও মাটি ভরাট কাজ সমাপ্ত হয়েছে। তেল আনলোডিং এর জন্য Oil tank, Fuel unloading pump এর পাইপলাইন স্থাপনসহ ফুয়েল ট্যাংক স্থাপনের সকল প্রকার কাজ সমাপ্ত হয়েছে (চিত্র :০৩)।

১৩.৫ জেনারেটর, ইঞ্জিন, চিমনী, অয়েল ট্যাংকসহ প্রধান প্রধান যন্ত্রপাতি ও স্থাপনার কাজ সম্পন্ন হয়েছে। প্রশাসনিক ভবন ও স্টাফ ডরমেটরী বিল্ডিং এর কাজ কাজ সমাপ্ত হয়েছে। কুলিং ও স্টীম পাইপ লাইনের হাইড্রোপ্রেসার টেষ্ট এবং ইঞ্জিন রুমে Pipe flushing & pickling test এর কাজ শেষ হয়েছে।

১৩.৬ প্রকল্পের আওতায় ডিপিপি-তে উল্লেখিত সংস্থান অনুযায়ী মোট ২৪.১৪ একর জমি অধিগ্রহণ করা হয়েছে।



প্রকল্পের আওতায় ক্রয়কৃত জেনারেটর : চিত্র-০১



প্রকল্পের আওতায় স্থাপনকৃত ট্রান্সফরমার: চিত্র-০২



প্রকল্পের আওতায় স্থাপনকৃত ফুয়েল ট্যাংক: চিত্র-০৩



বিদ্যুৎ কেন্দ্রের কন্ট্রোল রুম: চিত্র-০৪



প্রকল্পের আওতায় স্থাপনকৃত রেল লাইন: চিত্র-০৫



বিদ্যুৎ কেন্দ্রের চিমনি: চিত্র-০৬



বিদ্যুৎ কেন্দ্রের ইঞ্জিন হল: চিত্র-০৭



কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্মিত ডরমেটরি: চিত্র-০৮

১৩.৭ আলোচ্য বিদ্যুৎ কেন্দ্র হতে পাওয়ার ইভ্যাকুশনের জন্য পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) কর্তৃক ভিন্ন একটি প্রকল্পের আওতায় ১৩২/৩৩ কেভি সাবস্টেশন এবং ট্রান্সমিশন লাইন নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে।

১৩.৮ স্থাপিত বিদ্যুৎ কেন্দ্রের জ্বালানি রেলের ওয়াগনের মাধ্যমে পরিবহণ করা হয়। পরিবহণ সুবিধার জন্য নতুন ৭০৬ ফুট রেলওয়ে লাইন নির্মান কাজ সম্পন্ন হয়েছে (চিত্র :০৫)।

১৩.৯ প্রকল্পের আওতায় বিদ্যুৎ কেন্দ্রের প্রশাসনিক ভবন এবং কর্মকর্তা-কর্মচারীদের বসবাসের জন্য ডরমেটরি নির্মাণ করা হয়েছে (চিত্র :০৮)।

১৩.১০ প্রকল্পের টার্ন-কী ঠিকাদারের ক্রয়কৃত যানবাহন (১টি জিপ, ২টি পিকআপ ও ২টি মটরসাইকেল) চুক্তি অনুসারে বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহার করা হচ্ছে।

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত	অর্জিত
(i) বর্তমানে বিদ্যমান বিদ্যুৎ ঘাটতি লাঘব ও লোড শেডিং কমানো;	(i) বিদ্যুৎ কেন্দ্র চালু হওয়ায় বিদ্যুৎ ঘাটতি ও লোড শেডিং কমেছে;
(ii) স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে প্রকল্প সংলগ্ন এলাকায় বিদ্যুৎ চাহিদা মেটানো এবং গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ সরবরাহের রিলায়েবিলিটি বৃদ্ধি করা;	(ii) স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদন করায় প্রকল্প সংলগ্ন এলাকায় বিদ্যুৎ চাহিদা মেটানোর পাশাপাশি গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ সরবরাহের রিলায়েবিলিটি বৃদ্ধি পেয়েছে;
(iii) সিস্টেম লস কমানো; এবং	(iii) স্থানীয়ভাবে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ হওয়ায় ট্রান্সমিশনজনিত সিস্টেম লস হ্রাস পেয়েছে; এবং
(iv) জাতীয় গ্রিডে নিরবচ্ছিন্ন ও স্থিতিশীল বিদ্যুৎ সরবরাহ এবং সিস্টেম রিলায়েবিলিটি বৃদ্ধি।	(iv) জাতীয় গ্রিডে সর্বোচ্চ ১০২ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে সিস্টেম রিলায়েবিলিটি বৃদ্ধি পেয়েছে।

১৫। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্নকালীন	খন্ডকালীন	দায়িত্ব পালনের মেয়াদ		মন্তব্য
				যোগদানের তারিখ	অব্যাহতির তারিখ	
১	২	৩	৪	৫	৬	৭
০১	**শেখ মোঃ আলাউদ্দীন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী**	পূর্নকালীন	-	০৩/০৭/২০১৪	১৮/০৯/২০১৪	-
০২	**মোঃ আরিফুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী**	পূর্নকালীন	-	১/০৯/২০১৪	প্রকল্প সমাপ্ত পর্যন্ত	-

১৬। সার্বিক বিশ্লেষণ:

১৬.১ চাঁপাইনবাবগঞ্জ জেলা সদরের আমনুরা এলাকায় বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের ফলে ১০২ (সর্বোচ্চ) মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হয়ে জাতীয় গ্রীডে যুক্ত হচ্ছে। নতুন এ কেন্দ্র চালু হওয়ায় বিদ্যুৎ এর ভোল্টেজের সমস্যা অনেকাংশে দূর হয়েছে, বিশেষ করে চাষাবাদের সময় চাঁপাইনবাবগঞ্জসহ এ অঞ্চলের যে বাড়তি বিদ্যুৎ প্রয়োজন হয়, তা অনেকটা পূরণ করা সম্ভব হচ্ছে;

১৬.২ বাংলাদেশের উওরাঞ্চলে বিশেষতঃ বৃহত্তর রাজশাহী অঞ্চলে গ্যাস সংকটের কারণে চাঁপাইনবাবগঞ্জ জেলায় ১০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তরল জ্বালানী ভিত্তিক এ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করা হয়। কিন্তু পরিদর্শনকালে জানা যায় চাহিদামত

জ্বালানি সরবরাহ পাওয়া যায় না। ফলে সব-সময় বিদ্যুৎ কেন্দ্রটি সর্বোচ্চ উৎপাদনে যেতে পারে না।

তবে আলোচনায় জানা যায় সেচ মৌসুমে, পিক আওয়ারে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা থাকে। জাতীয় গ্রিডের চাহিদার ভিত্তিতে বিদ্যুৎ কেন্দ্রটি বিদ্যুৎ উৎপাদন করে থাকে।

বিদ্যুৎ কেন্দ্রটি সর্বোচ্চ উৎপাদন ক্ষমতায় ২৪ ঘন্টা বা একদিন চালু থাকলে ৫,৪০,০০০ (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) লিটার জ্বালানির (ফার্নেস ওয়েল) প্রয়োজন হয়। বিদ্যুৎ কেন্দ্রের জন্য স্থাপিত ফুয়েল ট্যাংকের ধারণক্ষমতা ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) লিটার। অর্থাৎ মজুদকৃত জ্বালানি দিয়ে প্রায় ২৭ দিন বিদ্যুৎ কেন্দ্রটি চালু রাখা সম্ভব। সর্বশেষ জুন ২০১৮ মাসে বিদ্যুৎ কেন্দ্রটিতে মোট ৭৫,০০,০০০ (পঁচাত্তর লক্ষ) লিটার জ্বালানি প্রয়োজন হয়। এর বিপরীতে ঐ মাসে ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) লিটার জ্বালানি সরবরাহ করা হয়;

১৬.৩ বিদ্যুৎ কেন্দ্রের অনুমোদিত জনবলের সকল পদে নিয়োগ প্রদান করা হয়নি। বিদ্যুৎ কেন্দ্রের কার্যক্রম প্রকল্প সমাপ্তির পর Long Term Service Agreement (LTSA) এর মাধ্যমে করা হচ্ছে। এ চুক্তির মেয়াদ জুন ২০১৯ সালে শেষ হবে। প্রকল্পটির আওতায় দেশে ও বিদেশে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। Long Term Service Agreement (LTSA) এর মেয়াদ শেষ হবার পূর্বেই বিদ্যুৎ কেন্দ্রটি সচল রাখার জন্য বিপিডিবি'র প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলীগণকে বিদ্যুৎ কেন্দ্রের Operation & Management(O &M) এ পদায়ন করা জরুরি; এবং

১৬.৪ পরিদর্শনকালে বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত পিসিআর-এ প্রকল্পের কম্পোনেন্ট ভিত্তিক অগ্রগতি পর্যালোচনার সময় ব্যয় সংক্রান্ত তথ্যে কিছুটা ত্রুটি পরিলক্ষিত হয়। এছাড়াও পিসিআর-এ প্রকল্পের উদ্দেশ্যের বিরীতে অর্জন উল্লেখ করার কথা থাকলেও তা করা হয়নি। সংশ্লিষ্ট প্রকৌশলী বিষয়িটি সংশোধন উদ্যোগ গ্রহণ করবেন বলে জানান।

১৭। সমস্যা :

১৭.১ বিদ্যুৎ কেন্দ্রের চাহিদা অনুসারে জ্বালানি পাওয়া যাচ্ছে না ;

১৭.২ প্রয়োজনীয় জনবল সংকট রয়েছে;

১৭.৩ বিদ্যুৎ কেন্দ্রের Operation & Management(O &M) এর জন্য বিপিডিবি'র প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের ঘাটতি রয়েছে;

১৭.৪ পিসিআর-এ তথ্যে অসংগতি ও ঘাটতি রয়েছে; এবং

১৭.৫ প্রকল্পের ডিপিপি-তে বৈদেশিক প্রশিক্ষণে আইএমইডি'র প্রতিনিধি অন্তর্ভুক্ত করার উল্লেখ থাকলেও তা করা হয়নি।

১৮। সুপারিশমালা :

আলোচ্য প্রকল্পটির বাস্তবায়নোত্তর সার্বিক মূল্যায়নের আলোকে আইএমইডি'র সুপারিশ নিম্নরূপ:

১৮.১ বিদ্যুৎ কেন্দ্রের চাহিদা অনুসারে জ্বালানি সরবরাহের জন্য বিপিডিবি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৮২. ভবিষ্যতে অনুরূপ প্রকল্পের ক্ষেত্রে প্ল্যান্ট হ্যান্ড ওভারের পর কোন কোম্পানীর সাথে Long Term Service Agreement (LTSA) না করে বিপিডিবি'র প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলীগণকে বিদ্যুৎ কেন্দ্রের Operation & Management(O &M) এ পদায়ন করার বিষয়টি বিবেচনা করতে হবে;

১৮.৩ বিপিডিবি প্রকল্পের প্রয়োজনীয় জনবল নিয়োগ নিশ্চিত করবে। প্রয়োজনে বিপিডিবি'র সচল নয় এমন বিদ্যুৎ কেন্দ্রে কর্মরত জনবল আলোচ্য বিদ্যুৎ কেন্দ্রে জরুরী ভিত্তিতে পদায়ন করবে;

১৮.৪ ভবিষ্যতে বিপিডিবি কোন প্রকল্পের পিসিআর প্রণয়নের সময় নির্ধারিত ছকে সঠিক তথ্যসহ উপস্থাপন করবে; এবং

১৮.৫ বৈদেশিক প্রশিক্ষণে আইএমইডি'র প্রতিনিধি অন্তর্ভুক্ত না করার বিষয়ে বিপিডিবি ব্যাখ্যা প্রদান করবে।

১৯। উপর্যুক্ত সুপারিশসমূহের আলোকে গৃহীত ব্যবস্থা এ প্রতিবেদন প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে আইএমইডি -কে অবহিত করতে হবে।

পরিশিষ্ট ‘ক’

(লক্ষ টাকায়)

পিসিআর) অনুসারে(

ক্রঃ নং	আইটেম	আরডিপিপি অনুযায়ী						পিসিআর অনুযায়ী					
		পিডিবির নিজস্ব অর্থ	জিওবি (স্থানীয়)	জিওবি (বৈদেশিক)	ব্যায়ার্স ক্রেডিট (স্থানীয়)	ব্যায়ার্স ক্রেডিট (বৈদেশিক)	মোট	পিডিবির নিজস্ব অর্থ	জিওবি (স্থানীয়)	জিওবি (বৈদেশিক)	ব্যায়ার্স ক্রেডিট (স্থানীয়)	ব্যায়ার্স ক্রেডিট (বৈদেশিক)	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
	রাজস্ব খাত												
১।	কর্মকর্তাদের বেতন	৭৯.৪	-	-	-	-	৭৯.৪	৭৯.৪	-	-	-	-	৭৯.৪
২।	কমচারীদের বেতন	৫২.৬	-	-	-	-	৫২.৬	৫২.৬	-	-	-	-	৫২.৬
৩।	ভাতাদি	৯৮.৮	-	-	-	-	৯৮.৮	৯৮.৮	-	-	-	-	৯৮.৮
৪।	রিপিয়ার,মেইনটিম্যান্স ও রিহাবিলিটেশন	৩৫.০	-	-	-	-	৩৫.০	৩৫.০	-	-	-	-	৩৫.০
	উপ-মোট রাজস্ব	**২৬৫.৮**	**-**	**-**	**-**	**-**	**২৬৫.৮০**	**২৬৫.৮**	**-**	**-**	**-**	**-**	**২৬৫.৮**
	মূলধন খাত												
৫।	১০০ মেঃওঃ ইঞ্জিন ও জেনারেটর সেট	-	-	-	-	৩৬৯২৩.২	৩৬৯২৩.২০	-	-	-	-	৩৬৯২৩.২	৩৬৯২৩.২
৬।	মেকানিক্যাল অক্সিলারী সিস্টেম	-	-	-	-	১১৪১৬.৬	১১৪১৬.৬২	-	-	-	-	১১৪১৬.৬	১১৪১৬.৬
৭।	ইমারজেন্সি ডিজেল জেনারেটর	-	-	-	-	১২৫.৪৭	১২৫.৪৭	-	-	-	-	১২৫.৪৭	১২৫.৪৭
৮।	১৩২ কেভি সুইচগিয়ার, ইকুপমেন্ট এন্ড ট্রান্সফর্মার	-	-	-	-	৩১৮০.১৩	৩১৮০.১৩	-	-	-	-	৩১৮০.১৩	৩১৮০.১৩
৯।	কন্ট্রোল এন্ড প্রটেশশন সিস্টেম	-	-	-	-	২৭৩.১৬	২৭৩.১৬	-	-	-	-	২৭৩.১৬	২৭৩.১৬
১০।	আদার মেকানিক্যাল সিস্টেম এন্ড ইলেকট্রিক্যাল সিস্টেম	-	-	-	-	৩৮৯.৯৫	৩৮৯.৯৫	-	-	-	-	৩৮৯.৯৫	৩৮৯.৯৫
১১।	মেইনটেনেন্স ফ্যাসিলিটি লিফটিং ইকুপমেন্ট	-	-	-	-	২৬৪.২১	২৬৪.২১	-	-	-	-	২৬৪.২১	২৬৪.২১
১২।	অফ বেস ফায়ার ফাইটিং ফ্যাসিলিটি	-	-	-	-	৯৩.৩৬	৯৩.৩৬	-	-	-	-	৯৩.৩৬	৯৩.৩৬

ক্রঃ নং	আইটেম	আরডিপিপি অনুযায়ী						পিসিআর অনুযায়ী					
		পিডিবির নিজস্ব অর্থ	জিওবি (স্থানীয়)	জিওবি (বৈদেশিক)	ব্যায়ার্স ক্রেডিট (স্থানীয়)	ব্যায়ার্স ক্রেডিট (বৈদেশিক)	মোট	পিডিবির নিজস্ব অর্থ	জিওবি (স্থানীয়)	জিওবি (বৈদেশিক)	ব্যায়ার্স ক্রেডিট (স্থানীয়)	ব্যায়ার্স ক্রেডিট (বৈদেশিক)	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
১৩।	স্পেয়ার পার্টস এন্ড কনসামবেলস ফর ২ ইয়ারস	-	-	-	-	৮৬৭.৭২	৮৬৭.৭২	-	-	-	-	৮৬৭.৭২	৮৬৭.৭২
১৪।	স্পেশাল মেইনটিন্যান্স টুলস	-	-	-	-	৭১.০৫	৭১.০৫	-	-	-	-	৭১.০৫	৭১.০৫
১৫।	অফিস ইকুপমেন্টস	-	-	-	-	২৭৭.৬৭	২৭৭.৬৭	-	-	-	-	২৭৭.৬৭	২৭৭.৬৭
১৬।	ইলেকট্রিক্যাল ওয়ার্কসপ টুলস	-	-	-	-	১৭৩.৫৪	১৭৩.৫৪	-	-	-	-	১৭৩.৫৪	১৭৩.৫৪
১৭।	মেশিন সপ ইকুইপমেন্ট এন্ড টুলস	-	-	-		৪১৬.৫১	৪১৬.৫১	-	-	-		৪১৬.৫১	৪১৬.৫১
১৮।	কেমিক্যাল ল্যাব ইকুইপমেন্ট এন্ড টুলস	-	-	-		৪৫১.২১	৪৫১.২১	-	-	-		৪৫১.২১	৪৫১.২১
১৯।	অভ্যন্তরীন পরিবহন	-	-	-	৭৭১.৩৩		৭৭১.৩৩	-	-	-	৭৭১.৩৩		৭৭১.৩৩
২০।	ইনসুরেন্স ফর ট্রান্সপোর্টেশন	-	-	-	২৭৮.৭		২৭৮.৭০	-	-	-	২৭৮.৭		২৭৮.৭
২১।	সিভিল এন্ড বিল্ডিং ওয়ার্কস	-	-	-	৫৫০৯.৭৫	৩৬১১.৭১	৯১২১.৪৬	-	-	-	৫৫০৯.৮	৩৬১১.৭১	৯১২১.৪৬
২২।	ইন্সটলেশন, ইরেকশন, টেস্টিং এন্ড কমিশনিং	-	-	-	১৩.২৫	৮৭০৮.১৪	৮৭২১.৩৯	-	-	-	১৩.২৫	৮৭০৮.১৪	৮৭২১.৩৯
২৩।	গ্যারান্টি পিরিয়ড অপারেশন	৪০.১২	-	-	১২৮৫.৭৫	২৩৯৩.৬৫	৩৭১৯.৫২	৪০.১২	-	-	১২৮৫.৮	২৩৯৩.৬৫	৩৭১৯.৫২
২৪।	ডিজাইন এন্ড ইঞ্জিনিয়ারিং	-	-	-	-	১১৮১.১	১১৮১.১০	-	-	-	-	১১৮১.১	১১৮১.১
২৫।	ওয়ার্কসপ টেস্টিং ইনক্লুডিং টেষ্ট উইটনেসিং	-	-	-	-	২৭৯.১৩	২৭৯.১৩	-	-	-	-	২৭৯.১৩	২৭৯.১৩
২৬।	ডকুমেন্ট প্রণয়ন	-	-	-	-	১২.০১	১২.০১	-	-	-	-	১২.০১	১২.০১
২৭।	বৈদেশিক প্রশিড়ান	-	-	-	-	৮৪৬.০৪	৮৪৬.০৪	-	-	-	-	৮৪৬.০৪	৮৪৬.০৪
২৮।	স্থানীয় প্রশিড়ান	-	-	-	-	২৩২.৩৬	২৩২.৩৬	-	-	-	-	২৩২.৩৬	২৩২.৩৬
২৯।	ভুমি অধিগ্রহন	-	৭৭৩.২	-	-	-	৭৭৩.২৪	-	৭৭৩.২৪	-	-	-	৭৭৩.২৪
৩০।	ভুমি উন্নয়ন	-	৩১০.৩	-	-	-	৩১০.৩২	-	৩১০.৩২	-	-	-	৩১০.৩২

ক্রঃ নং	আইটেম	আরডিপিপি অনুযায়ী						পিসিআর অনুযায়ী					
		পিডিবির নিজস্ব অর্থ	জিওবি (স্থানীয়)	জিওবি (বৈদেশিক)	ব্যায়ার্স ক্রেডিট (স্থানীয়)	ব্যায়ার্স ক্রেডিট (বৈদেশিক)	মোট	পিডিবির নিজস্ব অর্থ	জিওবি (স্থানীয়)	জিওবি (বৈদেশিক)	ব্যায়ার্স ক্রেডিট (স্থানীয়)	ব্যায়ার্স ক্রেডিট (বৈদেশিক)	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
৩১।	সিভিল ওয়ার্কস (অনুবাসিক)	-	২১০.৮	-	-	-	২১০.৮০	-	২১০.৮	-	-	-	২১০.৮
৩২।	কনসালটেন্সী সার্ভিস	-	৬১.৯৩	-	-	-	৬১.৯৩	-	৩৩.৬১	-	-	-	৩৩.৬১
৩৩।	ফুয়েল ফর ইনিসিয়াল অপারেশন	৬৬১১.৩৮	-	-	-	-	৬৬১১.৩৮	৬৬১১.৩৮		-	-	-	৬৬১১.৩৮
৩৪।	নির্মানকালীন বৈদ্যুতিক বিল	-	২০	-	-	-	২০.০০	-	০	-	-	-	০
৩৫।	কাস্টম ডিউটি, ট্যাক্সেস এন্ড ভ্যাট (৫%)	-	২৮২৭	-	-	-	২৮২৭.০৩	২৪০০.০০		-	-	-	২৪০০.০০
৩৬।	ভ্যাট এন্ড এ্যাডভান্স ইনকাম ট্যাক্স	-	১৬১১	-	-	-	১৬১১.০৫	-	১৬১১.১	-	-	-	১৬১১.০৫
৩৭।	ব্যাংক চার্জ	-	৮৪৮.১	-	-	-	৮৪৮.১১	-	৩৫০	-	-	-	৩৫০.০০
৩৮।	ইন্সুরেন্স প্রিমিয়াম	-		-	৭৮৮০.৯৭	-	৭৮৮০.৯৭	-		-	৭৮৮১	-	৭৮৮০.৯৭
৩৯।	আপফ্রন্ট ফি	-	১০৯১	-	-	-	১০৯০.৬৩	-	১০৯০.৬	-	-	-	১০৯০.৬৩
৪০।	ব্যায়ার্স ক্রেডিট এপিস্নকেশন ফি	-	২১.৭৪	-	-	-	২১.৭৪	-	২১.৭৪	-	-	-	০
৪১।	এজেন্সী ফি	-	১৪৫		-	-	১৪৫.০০	-	১৪৫.০০	-	-	-	১৪৫.০০
৪২।	কমিটমেন্ট ফি	-	১৩২৩		-	-	১৩২৩.০০	-	১৩২৩.০০	-	-	-	১৩২৩.০০
৪৩।	অফিস ফার্নিচার, ইকুপমেন্ট ইনক্লুডিং অল এক্সেসরিজ		৩৭	-	-	-	৩৭.০০	-	৩৭.০০	-	-	-	৩৭.০০
৪৪।	নির্মানকালীন সুদ	৩৭১৬.৬৩	-	-	১৬৮৮.০৪		৫৪০৪.৬৭	৩৭১৬.৬৩		-	১৬৮৮	-	৫৪০৪.৬৭
৪৫।	ফিজিক্যাল কন্টিজেন্সি	-	০	-	-	-	০.০০	-	০.০০	-	-	-	০.০০
৪৬।	কস্ট এ্যাসকেলেশন	-	৩৫০	-	-	-	৩৫০.০০	-	৩৫০.০০	-	-	-	৩৫০.০০
						মোট	১০৯৮৭৯.৪৮					মোট	১০৮০৬২.১১ (পিসিআর) ১০৮৮৪.৩১

Technical Assistant for study on Energy Security & Feasibility Study **শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ জুন, ২০১৭)

প্রকল্পের নামঃ : Technical Assistant for study on Energy Security & Feasibility Study.

১। প্রকল্পের অবস্থান : বাংলাদেশ

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ , জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : ডিসেম্বর,২০১৫ থকে জুন, ২০১৭ পর্যন্ত ২৯৪.৬১ লক্ষ টাকা।

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন,২০১৭ পর্যন্ত)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৫৪১.০৬	৫৪৯.৪৫	২৯৪.৬১	মার্চ, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৬	মার্চ, ২০১৫ হতে জুন, ২০১৭	মার্চ, ২০১৫ হতে জুন, ২০১৭	-	৪৬.১৫%

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)	
			বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	মবিলাইজেশান পেমেন্ট	-	১৩.২৯	৭৩.০৪	১৩.২৯	৭৩.০৪
২	সাবমিশান অব ইন্সেপশান রিপোর্ট	-	৮.৫৯	৪৭.২০	৮.৫৯	৪৭.২০
৩	সাবমিশান অব ড্রাফট ফাইনাল রিপোর্ট অন এনার্জি সিকিউরিটি	-	৮.৫৯	৪৭.২০	৮.৫৯	৪৭.২০
৪	সাবমিশান অব ফাইনাল রিপোর্ট অন এনার্জি সিকিউরিটি	-	৮.৫৯	৪৭.২০	৮.৫৯	৪৭.২০
৫	সাবমিশান অব ইন্টেরিম রিপোর্ট অন ফেজ-II	-	১৪.৫৬	৭৯.৯৭	১৪.৫৬	৭৯.৯৭
৬	সাবমিশান অব ড্রাফট ফাইনাল রিপোর্ট অন ফেজ-II	-	১৪.৫৬	৭৯.৯৭	-	-
৭	সাবমিশান অব ফাইনাল রিপোর্ট অন ফেজ-II	-	১৬.৫৪	৯০.৯০	-	-
৮	অ্যাপ্রভাল অব স্টেটমেন্ট অব এলিজিবল কস্টস	-	৬.৩৬	৩৪.৯২	-	-
৯	অন্যান্য	-	৮.৯৩	৪৯.০৪	-	-
মোট			**১০০**	**৫৪৯.৪৫**	**৫৩.৬২**	**২৯৪.৬১**

তথ্য সূত্রঃ পিসিআর।

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রযোজ্য নয়।

৭। পটভূমিঃ বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদনে বিভিন্ন জ্বালানির ব্যবহার রয়েছে যার মধ্যে প্রাকৃতিক গ্যাস প্রধান ভূমিকা পালন করছে। এদেশে অচিরেই প্রাকৃতিক গ্যাসের স্বল্পতা তথা বিদ্যুৎ উৎপাদনে জ্বালানি স্বল্পতা দেখা দিবে যার ফলে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে ব্যাঘাত ঘটবে। এ লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনে জ্বালানি বহুমুখীকরণের প্রয়োজনীয়তা রয়েছে।

৮। উদ্দেশ্যঃ

ক) বাংলাদেশের বিদ্যুৎ খাতে জ্বালানি নিরাপত্তা বিষয়ে জ্ঞানার্জন

খ) সবচেয়ে ফিসিবল উৎপাদন প্রকল্প বাস্তবায়ন।

৯। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

প্রকল্প অনুমোদনঃ- ১০জুন, ২০১৫
সর্বশেষ সংশোধনঃ- **০১মার্চ, ২০১৭**

১০। ক্রয় কার্যক্রমঃ প্রযোজ্য নয়

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৫-২০১৬	১২০.২৪	-	১২০.২৪	১২০.২৪	১২০.২৪	-	১২০.২৪	-
২০১৬-২০১৭	৪২৯.২১	-	৪২৯.২১	১৭৪.৩৭	১৭৪.৩৭	-	১৭৪.৩৭	২৫৪.৮৪

১২। উপকারভোগীদের মতামতঃ প্রযোজ্য নয়

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ পরিচালক, বিদ্যুৎ পরিকল্পনা পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
সাঈদ আহমেদ	√	-	০৫.০২.২০১৪	৩১.১০.২০১৫
মুন্সী বশীর আহমেদ (অতিঃ দায়িত্ব)	-	√	০১.১১.২০১৫	২২.১১.২০১৫
রতন কুমার পাল (ভারপ্রাপ্ত)	√	-	২৩.১১.২০১৫	১৬.০৩.২০১৬
মোঃ নাজমুল হক (ভারপ্রাপ্ত)	√	-	১৬.০৩.২০১৬	২৭.০৩.২০১৬
জরিফা খাতুন (অতিঃ দায়িত্ব)	-	√	২৭.০৩.২০১৬	০৩.০৪.২০১৬
এ, কে মাহমুদ	√	-	০৩.০৪.২০১৬	১৪.০৩.২০১৭
কাজী আবসার উদ্দীন আহমেদ	√	-	১৪.০৩.২০১৭	-

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
ক)বাংলাদেশের বিদ্যুৎ খাতে জ্বালানি নিরাপত্তা বিষয়ে জ্ঞানার্জন খ) সবচেয়ে ফিসিবল উৎপাদন প্রকল্প বাস্তবায়ন।	বাংলাদেশের বিদ্যুৎ খাতে জ্বালানি নিরাপত্তা বিষয়ে জ্ঞানার্জন

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের দ্বিতীয় অংশের কার্যপরিধি পরিবর্ধন করেছিল যা বিউবো'র মতে বাংলাদেশের বিদ্যুৎ খাতে জ্বালানি নিরাপত্তা বিষয়ে কোন উলেস্নখযোগ্য ভূমিকা রাখবে না।

১৬। অডিট : ২০১৫-২০১৬ (অডিট রিপোর্ট সাবমিশানঃ ২৪.০৯.২০১৬)

১৭। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রযোজ্য নয়

১৮। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):** পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের দ্বিতীয় অংশের কার্যপরিধি পরিবর্ধন করায় প্রকল্পের বাস্তবায়নকাল বর্ধিত হয়েছিল।

১৯। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (**If any**): এ প্রকল্পের প্রকল্প পরিচালকএর দায়িত্বভার অর্পিত ছিল পরিচালক,বিদ্যুৎ পরিকল্পনা পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর ওপর। বিভিন্ন সময়ে পদোন্নতি ও অন্যান্য বদলীজনিত কারণে উক্ত পদে পদস্থিত কর্মকর্তা পরিবর্তিত হওয়ায় প্রকল্প পরিচালকের পরিবর্তন ঘটে।

২০। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: প্রযোজ্য নয়

২১। পরিদর্শন পর্যবেক্ষণঃ

২১.১. বিগত ০৯ /১০/২০১৭ তারিখে এই সমাপ্তি প্রকল্পের সমাপ্তি মূল্যায়নের উদ্দেশ্যে প্রকল্প অফিসে প্রকল্প পরিচালক প্রকৌশলী কাজী আবছার উদ্দিন আহমেদ ও অন্যান্য কর্মকর্তাদের সাথে মতবিনিময় করা হয়।

২১.২. প্রকল্পে কোন লোকবল প্রয়োজন হয়নি এবং কোন দেশী বিদেশী প্রশিক্ষণ নেই । প্রকল্পে প্রায় ৭জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন।

২১.৩. প্রকল্পের অধীনে২টি Study Report তৈরীকরার পরিকল্পনা ছিল :

১. Understanding of the Overall Security of energy supplies in Bangladesh.

২. Feasibility of the most attractive base load generation Optima cofired with specific case studies provided.

উল্লেখিত ২টি উদ্দেশ্য/কাজের মধ্যে প্রথমটি অর্জিত হয়েছে। ২য়টি অর্জিত হয়নি।

২১.৪. প্রকল্প পরিচালক জানান ,১মটি অর্জিত হওয়ার পর ২য় অংশে গিয়ে প্রধান Focus Cool base generation কে এড়িয়ে অন্যান্য Additional Priorities নিয়ে নিযুক্ত ভারতীয় Consultant Firm বেশী মনোযোগী হওয়ায় এবং তা বাংলাদেশের বিদ্যমান বাস্তবতার আলোকে বাংলাদেশের দীর্ঘমেয়াদী স্বার্থপরিপন্থী একটা Studty Report হওয়ার উপক্রম দেখা দেয়। যার ফলে প্রকল্প কর্তৃপক্ষ ২য় পর্ব থেকে সরে

এসে প্রকল্প সমাপ্তির ঘোষনা করে । এতে সংস্থাপ্রধানের সম্মতি দেখা যায় । যা সংস্থার প্রস্তাবিত পিসিআর এর ৭নং অনুচ্ছেদে উল্লেখ আছে ;

২১.৫. প্রকল্পে জিওবি ফান্ড থেকে কোন ব্যয় হয়নি । প্রকল্পে মোট প্রাক্কলিত ব্যয় ছিল ১১ .০৯৮১ কোটি টাকা । বৈদেশিক সাহায্য ৯.৫৫ কোটি টাকা । তবে As per Contract প্রকল্প ব্যয় ৫ .৪৯৫৫ কোটি টাকা । এর মধ্যে ২ .৯৪৬১ কোটি টাকা ব্যয় হয়েছে। বাকী টাকা ব্যয় হয়নি। Payment ADB কর্তৃক দেয়া হয়েছে ;

২১.৬. কর্ম পরিকল্পনা অনুযায়ী এই প্রকল্প সমাপ্ত করা যায়নি। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি এবং সমন্বয়ের অভাব ও লক্ষ্যনীয় ;

২১.৭. এই প্রকল্প থেকে আংশিক ফল লাভ হলেও কাঙ্খিত output/outcome পাওয়া যায়নি।

২২। সুপারিশ:

২২.১ ভবিষ্যতে দেশের স্বার্থে কাজ করবে এমন Reputed Contractor/Consultant firmকে এ জাতীয় Study Report প্রণয়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে এবং দেশের স্বার্থবিরোধী ও Terms& Condition ভঙ্গকারী consultant firm/ contractor কে কালো তালিকাভুক্ত করা যেতে পারে ;

২২.২. প্রকল্প পরিচালক/সংস্থার সুপারিশের আলোকে প্রকল্প সমাপ্ত করা যেতে পারে । তবে ২টি লক্ষ্য উদ্দেশ্যের অন্যতম ১টি কমপোনেন্ট Study Report/Feasibility Study ‘র part -2পুরণ না হওয়ায় বিধি মোতাবেক পরিকল্পনা কমিশনের অনুমতি সাপেক্ষে প্রকল্পের চূড়ান্ত সমাপ্তিহতে পারে ;

২২.৩. অনুচ্ছেদ ২২.১ হতে ২২.২ এর আলোকে গৃহীত ব্যবস্থা আগামি ০৩ মাসের মধ্যে আইএমই বিভাগকে জানাতে হবে।

রুরাল ইলেকট্রিফিকেশন আপ-গ্রেডেশন প্রজেক্ট (রাজশাহী,রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৭)

১। প্রকল্পের অবস্থান : রাজশাহী , রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের ৩৩টি পল্লী বিদ্যুৎ সমিতি (বর্তমানে ৩৬টি)

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ণ বোর্ড।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ , জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/বিদ্যুৎ বিভাগ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন ২০১৭ পর্যন্ত)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৩২২১৮.১২	১৩৯৯৮২.৫৪	১৩২৭৮৪.৪৭	জুলাই ২০১০ হতে জুন ২০১৫	জুলাই ২০১০ হতে জুন ২০১৭	জুলাই ২০১০ হতে জুন ২০১৭	৫.৮৭% বৃদ্ধি	৪০%

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব ভাতা					
০১	৪৫০১. কর্মকর্তাদের বেতন		১১১.২১	৭৭ জন	১১১.২১	৫৪ জন
	৪৬০১. কর্মচারীদের বেতন		২১৭.৭১	৮৮ জন	২১৭.৭১	১০৭ জন
	৪৭০০. ভাতা					
	৪৭০৫. বাড়িভাড়া ভাতা		১৪৯.৫২		১৪৯.৫২	
	৪৭১৩. উৎসব ভাতা		৪০.৮৩		৪০.৮৩	
	৪৭১৭. মেডিকেল ভাতা		৩২.৫১	১৬১ জন	৩২.৫১	১৬১ জন
	৪৭৫৫. টিফিন ভাতা		৭.৫১		৫.৫১	
	৪৭৬৫. যাতায়াত ভাতা		১.২৬		১.২৬	
	৪৭৯৫. অন্যান্য ভাতা		৩০২.১৯		২০৪.৬০	
	৪৮০১. ভ্রমণ ব্যয়		১৪৬.৬৯	এলএস	১৩৭.৪৭	
	৪৮০৬. অফিস ভাড়া		২০.২৯	২নং অফিস	২০.২৯	
	৪৮১৩. কাস্টম শুল্ক/ভ্যাট		২৪৮৯.১৫	এলএস	২৩৬০.৩৬	
	৪৮১৬. টেলিফোন		১৯.০৬	১১ নং	১৭.৪৯	
	৪৮১৯. পানি		০.৬৪	অফিস	০.১৪	হিসাবে উল্লেখিত
	৪৮২১. বিদ্যুৎ		৪.২৯	এলএস	৩.৭৯	
	৪৮২২. গ্যাস ও জ্বালানী		১.৯৫		১.৬১	
	৪৮২৩. পেট্রোল ও লুব্রিক্যান্ট		২৩৪.০৫	জীপ-৮টি, পিক-আপ-	১১৬.৪৪	

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
				৬টি, মটর সাইকেল-৬৮টি		
	৪৮২৪. বিমা/ ব্যাংক চার্জেস		৬৩৬.৯৯	এলএস	৬৩৬.৯৪	
	৪৮২৭. মুদ্রণ ও বাঁধাই		৩২.৫২	এলএস	৩২.৩৪	
	৪৮২৮. স্টেশনারি, সিল ওস্ট্যাম্প		৩৪.১৩	এলএস	৩২.৪২	
	৪৮৪০. প্রশিক্ষণ		৪৮৯.৫৪	২৩১ জন	৪৮৯.৫৪	
	৪৮৪৫. আপ্যায়ন		২৬.৪৭	এলএস	২৪.২১	
	৪৮৪৬. পরিবহন ব্যয়		৮৬৩.৮১	এলএস	৮২৮.৮১	
	৪৮৭৪. (ক) বৈদেশিক পরামর্শক (খ)স্থানীয় পরামর্শক		২৭৯৪.০৭ ৬৯২.৪৮	৪৪৭ জন মাস ৬৮৮ জন মাস	২৭০৯.৩৩ ৬২৭.৬৬	
	৪৮৮৫. টেস্টিং ফি		৮.৮০	এলএস	৩.৮০	
	৪৯০১. যানবাহন মেরামত		৬৫.১৩	জীপ-৮টি, পিক-আপ-৬টি, মটর সাইকেল-৬৮টি	৪২.৯০	হিসাবে উল্লেখিত
	৪৯০৬. আসবাবপত্র		০.৫৯	এলএস	০.৫৯	
	৪৯১৬. কম্পিউটার ও অফিস সরঞ্জাম		৫.৭৮	এলএস	৫.৭৮	
	৪৯৯১. অন্যান্য		১.৩২	এলএস	০.৯৮	
	(খ) মূলধন ব্যয়					
০২.	৬৮০৭. মোটর যান		৪৫৪.৩০	জীপ-৮টি, পিক-আপ-৬টি, মটর সাইকেল-৬৮টি	৪৫৪.৩০	হিসাবে উল্লেখিত
	৬৮১৩. যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম		৬৮৩৪৭.০২	লট	৬৭২১৪.৯৬	
	৬৮১৫. কম্পিউটার এন্ড এক্সেসরিজ		২২.২১	৩৩সেট	২২.২১	হিসাবে উল্লেখিত
	৬৮১৭. কম্পিউটার সফটওয়্যার		০০.০০	এলএস	০০.০০	
	৬৮২১. আসবাবপত্র		১৯.০৪	এলএস	১৯.০৪	
	৬৮১৫. অন্যান্য		২.১৮	এলএস	২.১৮	
	৬৯০১. ভূমি অধিগ্রহণ		৩৫৫.৯৬	১৫.৮৪ একর	৩৫৫.৯৬	হিসাবে উল্লেখিত
	৭০৫৬. বৈদ্যুতিকএবং নির্মাণ ইনস্টলেশন (ক) ইনস্টলেশন এবং লাইন নির্মাণ (খ) সাব-স্টেশন নির্মাণ (নতুন) (গ) বিদ্যমান এর বৃদ্ধি		 ৬৫৮৭.৭৫ ২৬২৩৩.০৭ ১০৮৯৩.৮৬	 ৪৮৪৪ কি:মি: ৫০ নং ৩০ নং	 ৫৯১২.০৯ ২৬৪৫৮.১৪ ১০১৬৯.১৩	হিসাবে উল্লেখিত
	৭৯০১. সিডি-ভ্যাট (ক) সিডি-ভ্যাট (লাইন সরঞ্জাম ও যানবাহন) (খ) সিডি-ভ্যাট (নতুন)সাব-স্টেশন নির্মাণ		 ৮৯৬২.৫২ ৩৩৫৬.০০	 এলএস এলএস	 ১৩৩১৮.৫২	হিসাবে উল্লেখিত

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(গ) সিডি-ভ্যাট সাব-স্টেশন নির্মাণে বিদ্যমান এর বৃদ্ধি		১০০০.০০	এলএস		
	৭৯০৮- ৭৯৯৮.বিবিধ মূলধন ব্যয় ৭৯৮১. আইডিসি		১৩.৮০ ৪২০৪.৩৪	এলএস এলএস	১.৯০	
	সাব -মোট (মূলধন ব্যয়)		১,৩০,৪৫২.০৫			
	(গ) কস্ট এ্যাসকালেশন		১০০.০০			
	সর্বমোট (ক+খ+গ)		১,৩৯,৯৮২.৫৪		১,৩২,৭৮৪.৪৭	

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রযোজ্য নয় ।

৭। পটভূমিঃ

পল্লী বিদ্যুতায়ন বোর্ড বাংলাদেশের পল্লী এলাকায়বিদ্যুৎ সরবরাহের ম্যানডেট (**Mandate)** নিয়ে ১৯৭৭ সালে বিদ্যুতায়ন কার্যক্রম শুরু করে। সক্রিয় অধ্যাদেশের আওতায় পল্লীবিদ্যুতায়ন বোর্ড পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে আর্থিক , ব্যবস্থাপনা ও কারিগরী সহায়তাপ্রদানকারী হিসেবে কাজ করে আসছে। মার্কিন যুক্তরাষ্ট্রের **"Rural Electric Cooperative"** মডেলের আদলে পল্লী বিদ্যুতায়নকর্মসূচীর সূচনা হয়েছিল এবং প্রথম পর্বে ১৩টি পল্লী বিদ্যুৎ সমিতিতে পল্লী বিদ্যুতায়নকার্যক্রম সম্প্রসারণ শুরু হয়। বহু বছর যাবৎ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সফলতার সাথে পল্লীবিদ্যুতায়ন কার্যক্রমের মডেল হিসেবে সম্পাদন করে আসছে। বর্তমানে ইহাকে উন্নত বিশ্বেএকটি মডেল হিসেবে উপস্থান করা যায়। যাইহোক , পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের জন্য সমগ্রবাংলাদেশের বিদ্যুৎ সেক্টরে একটি অভাবনীয় পরিবর্তন লক্ষ্য করা যায়। পল্লী বিদ্যুৎ সমিতিবৃদ্ধি পেয়ে বর্তমানে ৮০টি দাঁড়ায় এবং বিভিন্ন ক্যাটাগরীর ২০ মিলিয়ন গ্রাহক বিদ্যুৎসেবা গ্রহণ করছে , বিদ্যুৎ বিতরণ প্রতিষ্ঠান হিসেনে বাংলাদেশে সর্বোচ্চ বিদ্যুৎ ব্যবহারকারী (মোট বিদ্যুতের ৫২% ব্যবাহার) প্রতিষ্ঠান হিসেবে ধরা যায়। **PRSP** এর আওতায় রাজশাহী , রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের৩৩টি (বর্তমান ৩৬)টি পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যমান বিতরণ ব্যবস্থার উন্নতি ও ক্ষমতাবর্ধনেরমাধ্যমেসুষ্ঠু ও নির্ভরযোগ্য বিতরণ ব্যবস্থাগড়ে তোলাএবং গ্রাহককে মানসম্মত বিদ্যুৎ সুবিধা প্রদান ও লোড শেডিং এর মাত্রা সহনীয় পর্যায়েনিয়ে এসে গ্রহক সন্তুষ্টি লাভ করার পাশাপাশি সিস্টেমলস হ্রাস ও অর্থনৈতিক প্রবৃদ্ধিঅর্জনের উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮। উদ্দেশ্যঃ

(ক) রাজশাহী , রংপুর. খুলনা ও বরিশাল বিভাগের ৩৩টি পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যমান বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও ক্ষমতাবর্ধন।

(খ) বিদ্যুতের বর্ধিত চাহিদা মেটানো।

(গ) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য নির্ভরযোগ্য বিতরণ ব্যবস্থা গড়ে তোলা।

(ঘ) লোডশেডিং হ্রাস।

(ঙ) ৩৩টি পল্লী বিদ্যুৎ সমিতির অপারেশনাল ও ফাইন্যান্সিয়াল পারফরমেন্স উন্নতকরণ।

(চ) বাংলাদেশের গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন।

(ছ) জিআইএস (জিওগ্রাফিকেল ইনফরম্যাশন সিষ্টেম) ও ইআরসি (Electric Record Card) এর উন্নয়ন।

৯। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

প্রকল্প অনুমোদনঃ- ৮ জুন ২০১০।

সর্বশেষ সংশোধনঃ- **৪ অক্টোবর ২০১৬।**

১০। ক্রয় কার্যক্রমঃ

[১ ডলার=৭৮.০০ টাকা]

আইএফবি নং/প্যাকেজ নং/সাব-প্যাকেজ নম্বর	বিড ডকুমেন্টের পরিধি (পণ্য) বর্ণনা	দরপত্র/বিড/প্রস্তাবিত মূল্য		দরপত্র/বিড/প্রস্তাবিত		কাজ সমাপ্তির তারিখ/সার্ভিব/পণ্য সরবরাহ	
		ডিপিপি অনুযায়ী (লক্ষ টাকায়)	চুক্তিকৃত মান	আমন্ত্রণের তারিখ	চুক্তিস্বাক্ষর/এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	আসল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(ক) পণ্যঃ							
প্যাকেজ নং-১.১	লাইন হার্ডওয়্যার এবং সংযোগকারী	২৩১৮.৭৫	বিডিটি ২৮৯,৮৪৫,৫১৫.০০	০৯/১০/১১	২০/৩০/১২	১৯/১১/১২	১৯/১১/১২
প্যাকেজ নং-১.২	ইন্সুলেটর	১৮৭২.৯৫	বিডিটি ২৫৫,০৯৮,১০০.০০	০৯/১০/১১	১৯/০৩/১২	১৮/১১/১২	১৮/১১/১২
প্যাকেজ নং-১.৩	ইন্সুলেটর	২৮৫.৭০	বিডিটি ৩৩,৬৫০,০০০.০০	১০/১০/১৩	০৮/০১/১৪	১৫/০৯/১৪	১৫/০৯/১৪
প্যাকেজ নং-১.৪	লাইন হার্ডওয়্যার এবং সংযোগকারী	৬৫৭.৬৩	বিডিটি ৭৩,৮৫১,১০৯.২০	০১/০৩/১৫	০১/০৯/১৫	০৬/০১/১৬	০৬/০১/১৬
প্যাকেজ নং-২.১	কন্ডাকটর বেয়ার	ইউএসডি ১০৯.৬৭	ইউএসডি ১১,২৩৫,৫৩০.০০	২৮/১২/১১	১৫/১০/১২	১৭/০৪/১৩	১৭/০৪/১৩
প্যাকেজ নং-২.২	কন্ডাকটর (বেয়ার)	ইউএসডি ৯৫.৪৩	ইউএসডি ৮,৩৪৬,০২৬.৫৬ + বিডিটি ৭,০০০,০০০.০০	২৮/১২/১১	২০/০১/১৩	০৭/০৮/১৩	০৭/০৮/১৩
প্যাকেজ নং-২.৩	কন্ডাকটর (বেয়ার)	ইউএসডি ৫৭.১৭	ইউএসডি ৫,৫৭৯,৪৩৫.০০	২৮/১২/১১	২০/০১/১৩	০৭/০৮/১৩	০৭/০৮/১৩
প্যাকেজ নং-২.৪	কন্ডাকটর (বেয়ার ও ভলিউম)	ইউএসডি ৭১.৫৮	ইউএসডি ৬,৯৩৩,৭০০.০০ + বিডিটি ৭,০০০,০০০.০০	২৮/১২/১১	০৯/০৯/১২	১৮/০৩/১৩	১৮/০৩/১৩
প্যাকেজ নং-২.৫	ট্রান্সফরমার বিরতণ	৩০৪৩.৪৬	বিডিটি ৩০৪,৩৪০,০০০.০০	২৯/১২/১১	২০/১২/১২	২০/০৬/১৩	২০/০৬/১৩
প্যাকেজ নং-২.৬	ট্রান্সফরমার বিরতণ	ইউএসডি ৪১.৩১	ইউএসডি ৩,৬০১,০৪৪.০০	০৩/০৫/১৫	১০/০৫/১৫	০৫/০৪/১৬	০৫/০৪/১৬
প্যাকেজ নং-২.৭-১	৩৩ কেভি সাবমেরিন ক্যাবল	১১০২.৮১	বিডিটি ৯৯,৭৫৬,২৯৬.০০	১০/১০/১৩	১১/১১/১৪	১২/০৫/১৫	১২/০৫/১৫
প্যাকেজ নং-	কন্ডাকটর	৫২৮.৫৭	বিডিটি	১০/১০/১	২০/০৫/১৪	২১/০৯/১	২১/০৯/১

আইএফবি নং/প্যাকেজ নং/সাব-প্যাকেজ নম্বর	বিড ডকুমেন্টের পরিধি (পণ্য) বর্ণনা	দরপত্র/বিড/প্রস্তাবিত মূল্য		দরপত্র/বিড/প্রস্তাবিত		কাজ সমাপ্তির তারিখ/সার্ভিব/পণ্য সরবরাহ	
		ডিপিপি অনুযায়ী (লক্ষ টাকায়)	চুক্তিকৃত মান	আমন্ত্রণের তারিখ	চুক্তিস্বাক্ষর/এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	আসল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২.৭-২	(বেয়ার)		৫২,৫০০,০০০.০০	৩		৪	৪
প্যাকেজ নং-২.৮	কন্ডাকটর (বেয়ার)	১০৬৯.১৯	বিডিটি ১১১,৯৫৫,০০০.০০	০৩/০৩/১৫	১৭/০৬/১৫	১৭/১০/১৫	১৭/১০/১৫
প্যাকেজ নং-২.৯	বাদ দেওয়া প্যাকেজ						
প্যাকেজ নং-৩.১	Conductor Accessories, Guy Accessories, Connector, Guy wire, Grounding Wire	ইউএসডি ৩৭.৬৩	ইউএসডি ৩,৮৩২,৯৯০.০০	২০/১১/১১	০৫/০১/১২	২৩/১১/১২	২৩/১১/১২
প্যাকেজ নং-৩.২	Conductor Accessories, Guy Accessories, Connector, Guy wire, Grounding Wire	৬৯৬.৯৭	বিডিটি ৭২,৮৮৮,১০৮.০০	০১/০৩/১৫	০১/০৯/১৫	০১/০৩/১৬	০১/০৩/১৬
প্যাকেজ নং-৪.১	Fuse Cutout Lightening Arrester, Fuse links, Capacitor & Accesso	ইউএসডি ৩০.৮০	ইউএসডি ৩,২৮৮,৩৬১.০০	১২/০১/১২	২৯/০৭/১২	০৬/০২/১৩	০৬/০২/১৩

আইএফবি নং/প্যাকেজ নং/সাব-প্যাকেজ নম্বর	বিড ডকুমেন্টের পরিধি (পণ্য) বর্ণনা	দরপত্র/বিড/প্রস্তাবিত মূল্য		দরপত্র/বিড/প্রস্তাবিত		কাজ সমাপ্তির তারিখ/সার্ভিব/পণ্য সরবরাহ	
